বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় আদেশ, ২০২১।

বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | প্রেক্ষাপট | ১-২ |
| ২ | লাইসেন্সীগণের আবেদন/প্রস্তাবের সারসংক্ষেপ | ২ |
| ৩ | ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি | ৩ |
| ৪ | কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক প্রস্তাব মূল্যায়ন | ৩-৮ |
| ৫ | বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) মতে কমিশন কর্তৃক লাইসেন্সী ও আগ্রহী পক্ষগণকে শুনানি | ৮-১৫ |
| ৬ | লাইসেন্সী ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মতামত | ১৫-২৪ |
| ৭ | কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ | ২৫-২৯ |
| ৮ | রাজস্ব চাহিদা নিরূপণ | ২৯-৩৩ |
| ৯ | ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় আদেশ | ৩৪-৩৫ |
| ১০ | এলপিজি ব্যবসায়ীদের জন্য অনুসরণীয় নির্দেশনা | ৩৬-৩৭ |
| পরিশিষ্ট-'ক' | বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) মতে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের আবেদন/প্রস্তাব দাখিলকারি লাইসেন্সীগণের তালিকা | ৩৮ |
| পরিশিষ্ট-'খ' | বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর–২০২১। | ৩৯ |
| পরিশিষ্ট-'গ' | বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য, অক্টোবর–২০২১। | ৪০-৪১ |
| পরিশিষ্ট-'ঘ' | রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর–২০২১। | ৪২ |
| পরিশিষ্ট-'ঙ' | ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর-২০২১। | ৪৩ |
| পরিশিষ্ট-'চ' | সরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে নির্ধারিত/পুনঃনির্ধারিত ট্যারিফ (মূল্যহার)-২০২১ | ৪৪ |

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় আদেশ, ২০২১।

## বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭

### তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৬) মতে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণের আবেদন/প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের বিষয়ে আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক প্রাপ্ত সকল তথ্যাদি বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-**

## ১.০ প্রেক্ষাপট:

১.১ কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে লাইসেন্সী ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক এলপি গ্যাস কোম্পানী লিমিটেড (এলপিজিএল) এর বোতলজাতকৃত এলপিজি (সরকারি এলপিজি) ও বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার), রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়।

১.২ কমিশনের উক্ত আদেশের অনুচ্ছেদ ৮.৬ অনুযায়ী সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi CP'র সাথে সামঞ্জস্য রেখে বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্য শুনানিঅন্তে সমন্বয় করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের নিমিত্ত বিইআরসি, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী প্রতিনিধি এবং এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) এর প্রতিনিধি'র সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়।

১.৩ উক্ত আদেশের অনুচ্ছেদ ৮.৬ এ বর্ণিত প্রক্রিয়া অবলম্বনে বোতলজাতকৃত বেসরকারি এলপিজি, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য সমন্বয় করতঃ ২৯ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০২, ৩১ মে ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৩, ৩০ জুন ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৪, ২৯ জুলাই ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৫ এবং ৩১ আগস্ট ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৬ জারী করা হয়।

১.৪ পরবর্তীতে কমিশন কর্তৃক নির্ধারিত/পুনঃনির্ধারিত বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ে এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী ৩০ মে ২০২১ তারিখে হতে ০৩ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ১৮টি বেসরকারি লাইসেন্সী (তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সংযুক্ত) কমিশনে আবেদন/প্রস্তাব দাখিল করে।

## ২.০ লাইসেন্সীগণের আবেদন/প্রস্তাবের সারসংক্ষেপ:

২.১ আবেদন/প্রস্তাবে বেসরকারি লাইসেন্সীগণ এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনে চলতি মাসের Saudi CP বিবেচনায় নেয়া, জাহাজভাড়া ও প্রিমিয়াম প্রতি টন ৯১ থেকে ১২৩ মার্কিন ডলার বিবেচনা করা, মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ প্রতি ১২ কেজি সিলিন্ডারের জন্য ১৪৩ টাকা হতে ৪৯৯ টাকা নির্ধারণ করা, অপারেটরদের আকার (size) অনুযায়ী কমপক্ষে ৫০% অপারেটরের ব্যয় বিবেচনায় নিয়ে চার্জ নির্ধারণ করা বা কোনো কোম্পানী যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য যে অপারেটরের ব্যয় সর্বোচ্চ তা সকলের জন্য প্রযোজ্য করা, প্রতি কেজি এলপিজি'র ব্যয় নির্ণয়ের সময় বাল্ক সেলের পরিমাণকে বাদ দেয়া, প্রতি ১২ কেজি এলপিজি'র জন্য ৩৭ টাকা হতে ৭৪.২৫ টাকা রিটার্ন অন ইক্যুইটি নির্ধারণ করা, ঋণের সুদের হার ৯% হতে ১২% নির্ধারণ করা, প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটরের ওয়্যারহাউজ পর্যন্ত এলপিজি সিলিন্ডারের পরিবহণ ব্যয় বাবদ প্রতি ১২ কেজি এলপিজির জন্য অতিরিক্ত ৪৫ টাকা হতে ৫৫ টাকা বিক্রয় ও প্রশাসনিক ব্যয়ে অন্তর্ভুক্ত করা, সিলিন্ডারের ব্যবহার্য আয়ুষ্কাল ১০ বছর বিবেচনা করা, ১০ বছর পর সিলিন্ডার ডিজপোজ অফ না করা হলে রিপেয়ার ও রিফারবিশিং বাবদ কমপক্ষে ২,১৭৫ টাকা ব্যয় হয় বলে উল্লেখ করে তা দাবী করা, প্রতি ১২ কেজি সিলিন্ডারের জন্য ৫৫.৪০ টাকা হতে ৫৬.৪০ টাকা অবচয় বিবেচনা করা, প্রতি ১২ কেজি এলপিজি'র জন্য ডিস্ট্রিবিউটরের চার্জ ৪০ টাকা হতে ৬০ টাকা নির্ধারণ করা, প্রতি ১২ কেজি এলপিজি'র জন্য ৭০ টাকা হতে ৮০ টাকা রিটেইলার চার্জ নির্ধারণ করা, অটোগ্যাসের মূল্য প্রতি মাসের পরিবর্তে বছরে একবার পরিবর্তন করা এবং মূল্য নির্ধারণে অন্যান্য আয়কে বিবেচনায় না নেয়ার বিষয়ে উল্লেখ করে।

২.২ আবেদন/প্রস্তাবে প্রতি ১২ কেজি এলপিজি'র মূল্য এসকেএস এলিপিজি লিমিটেড এবং বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড ১,৩৪৪ টাকা (মার্চ ২০২১ এর Saudi CP অনুযায়ী), জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিমিটেড ১,৩৭০ টাকা (মার্চ ২০২১ এর Saudi CP অনুযায়ী), মেঘনা ফ্রেশ এলপিজি লিমিটেড ১,১২৯ টাকা (মে ২০২১ এর Saudi CP অনুযায়ী), নাভানা এলপিজি লিমিটেড, ১,২৯৬ টাকা (মে ২০২১ এর Saudi CP অনুযায়ী) এবং ওরিওন গ্যাস লিমিটেড ১,২৯৪.২১ টাকা (মে ২০২১ এর Saudi CP অনুযায়ী) নির্ধারণের বিষয়ে আবেদনে উল্লেখ করে। অন্যান্য আবেদনকারি/প্রস্তাবকারিগণ ১২ কেজি এলপিজি'র মূল্য সুনির্দিষ্টভাবে তাদের আবেদনে উল্লেখ করেননি।

**৩.০ ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:**

৩.১ কমিশনের ০৬ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত ১১/২০২১তম বিশেষ কমিশন সভায় ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে অত্র কমিশন কর্তৃক আগ্রহী পক্ষগণের শুনানি সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ আগ্রহী পক্ষগণের শুনানি সংশ্লিষ্ট কার্যক্রমের সিডিউল অনুসারে আবেদন/প্রস্তাব সংশ্লিষ্ট দলিলাদি এবং সমূহবিষয় পরীক্ষা-নিরীক্ষান্তে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত ১৫ জুন ২০২১ তারিখে কমিশন কর্তৃক একটি 'কারিগরি মূল্যায়ন কমিটি [Technical Evaluation Committee (TEC)]' গঠন করা হয়। পেট্রোলিয়াম খাতের দু'জন বিশেষজ্ঞ জনাব এ.এস.এম বশিরুল হক এবং জনাব এ.এইচ.এম মজিদ রহিমী-কে এ বিষয়ে নিয়োজিত করা হয়।

৩.৩ বর্ণিত আবেদন/প্রস্তাবসমূহের বিষয়ে কমিশন কর্তৃক ০৭ ও ০৮ জুলাই ২০২১ তারিখে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের তারিখ ধার্য করা হয় যা করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক ০১ থেকে ১৪ জুলাই ২০২১ এবং ২৩ জুলাই থেকে ১০ আগস্ট ২০২১ পর্যন্ত জনসাধারণের সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করায় এবং উক্ত সময়ে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ ঘোষণা করায় স্থগিত করা হয়। পরবর্তীতে সরকার কর্তৃক ১১ আগস্ট ২০২১ তারিখ থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খোলা থাকবে ঘোষণা করায় কমিশন কর্তৃক ১৭ ও ১৮ আগস্ট ২০২১ তারিখে বর্ণিত বিষয়ে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের তারিখ পুনরায় ধার্য করা হয় যা, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৫৭৬৩/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০২১ তারিখে প্রদত্ত রুল ও স্থগিতাদেশের কারণে স্থগিত করা হয়। উক্ত স্থগিতাদেশের বিষয়ে কমিশন কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১৭২২/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য আপীল বিভাগের চেম্বার জজ আদালত ২৬ আগস্ট ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে শুনানিঅন্তে মহামান্য হাইকোর্ট বিভাগের ১২ আগস্ট ২০২১ তারিখের আদেশ ০৬ (ছয়) সপ্তাহের জন্য স্থগিত করেন। এরই ধারাবাহিকতায় কমিশনের নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর সার্টিফিকেট অনুযায়ী কমিশন কর্তৃক ১৩ ও ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ (সোমবার ও মঙ্গলবার) সকাল ১১:০০ ঘটিকায় নিউ ইস্কাটনস্থ বাংলাদেশ ইন্সটিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের শহীদ এ.কে.এম.শামসুল হক খান মেমোরিয়াল অডিটরিয়ামে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৬) মতে ভোক্তাপর্যায়ে এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে শুনানির দিন, সময় এবং স্থান নির্ধারণ করা হয়।

**৪.০ <u>কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক প্রস্তাব মূল্যায়ন:</u>**

৪.১ ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তন বিষয়ক আবেদন/প্রস্তাব, দাখিলকৃত দলিলাদি এবং সংশ্লিষ্ট বিষয়সমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে TEC একটি মূল্যায়ন প্রতিবেদন ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে কমিশনে দাখিল করে যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

৪.১.১ TEC'র চাহিদার পরিপ্রেক্ষিতে বেসরকারি লাইসেন্সীগণের নিকট থেকে স্ব-স্ব প্রতিষ্ঠানের নিরীক্ষিত হিসাব বিবরণী (১৫টি লাইসেন্সীর), এলপিজি আমদানির Commercial Invoice (১২টি লাইসেন্সীর), বিগত তিন বছরের এলপিজি আমদানির পরিমাণ (১৫টি লাইসেন্সীর), এলপিজি বিক্রয়ের পরিমাণ (১৫টি লাইসেন্সীর), সিলিন্ডারের জামানত হিসাবভুক্তকরণের প্রক্রিয়া (১০টি লাইসেন্সীর) এবং প্রাপ্ত জামানতের পরিমাণ (১০টি লাইসেন্সীর) পাওয়া যায়।

৪.১.২ বেসরকারি লাইসেন্সীগণ কর্তৃক দাখিলকৃত ২০১৯/২০১৯-২০ এর গ্রহণযোগ্য নিরীক্ষিত হিসাব বিবরণীকে রাজস্ব চাহিদা নিরূপণের ভিত্তি এবং ২০১৯-২০ অর্থবছরকে যাচাই বর্ষ বিবেচনা করে Proforma Adjustment এর মাধ্যমে ভারিত গড় নিয়ে বেসরকারি লাইসেন্সীগণের জন্য ২০২১-২২ অর্থবছরের গড় রাজস্ব চাহিদা প্রাক্কলন করা হয়।

৪.১.৩ বেসরকারি লাইসেন্সী ও ডিস্ট্রিবিউটরদের নিকট হতে তথ্য না পাওয়ায় প্রবিধানমালায় বর্ণিত সূত্র অনুসরণের প্রয়োজনে TEC কর্তৃক দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত কয়েকটি ডিস্ট্রিবিউটর প্রতিষ্ঠানসমূহের বিনিয়োগের পরিমাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়, স্থাপনা ভাড়ার বিপরীতে অগ্রিম প্রদত্ত অর্থ, ডিস্ট্রিবিউটরের স্থাপনা থেকে রিটেইলারের দূরত্ব ইত্যাদি তথ্যাদি Sampling Survey'র মাধ্যমে সংগ্রহ করতঃ সাধারণভাবে একজন ডিস্ট্রিবিউটরের ২০২১-২২ অর্থবছরের জন্য গড় রাজস্ব চাহিদা প্রাক্কলন করা হয়।

৪.১.৪ বেসরকারি লাইসেন্সী ও রিটেইলারের নিকট হতে তথ্য না পাওয়ায় প্রবিধানমালায় বর্ণিত সূত্র অনুসরণের প্রয়োজনে দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত কয়েকটি রিটেইলারের বিনিয়োগ ব্যয়, দোকান ভাড়া, জনবল ব্যয়, বিদ্যুৎ বিল, দোকান ভাড়ার বিপরীতে অগ্রিম প্রদত্ত অর্থ ইত্যাদি তথ্যাদি Sampling Survey'র মাধ্যমে সংগ্রহ করতঃ TEC কর্তৃক একজন রিটেইলারের ২০২১-২২ অর্থবছরের জন্য গড় রাজস্ব চাহিদা প্রাক্কলন করা হয়।

৪.১.৫ TEC এর মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী দেশে এলপিজি আমদানি/মজুতকরণ, বিতরণ/সরবরাহকারি প্রতিষ্ঠান ২৯টি। বার্ষিক এলপিজি ব্যবহারের পরিমাণ কম-বেশী এক মিলিয়ন টন। বিইআরসি'র লাইসেন্স অনুযায়ী কোম্পানিসমূহের বার্ষিক উৎপাদন সক্ষমতা কম-বেশী ২.৪ মিলিয়ন টন। মোট ব্যবহৃত এলপিজি'র প্রায় ৯৮% এলপিজি বেসরকারি প্রতিষ্ঠানসমূহ আমদানি করে সরবরাহ করে থাকে।

৪.১.৬ এলপিজি আমদানির ক্ষেত্রে Saudi Aramco কর্তৃক ধার্যকৃত Saudi Contract Price (Saudi CP) সাধারণতঃ বাংলাদেশসহ এশিয়া অঞ্চলে অনুসরণ করা হয়। Saudi Aramco কর্তৃক প্রতি মাসের শেষে পরবর্তী মাসের জন্য পৃথকভাবে প্রোপেন এবং বিউটেনের Saudi CP ঘোষণা করা হয়।

৪.১.৭ TEC ভোক্তাপর্যায়ে এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের ক্ষেত্রে Saudi Aramco কর্তৃক সেপ্টেম্বর ২০২১ মাসের জন্য ঘোষিত Saudi CP, প্রোপেন ও বিউটেনের মিশ্রণ ৩৫:৬৫, প্রাপ্ত ১২টি প্রতিষ্ঠানের Commercial Invoice অনুযায়ী এলপিজি আমদানির জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জের ভারিত গড় প্রতি টন ৯৫.৩২ মার্কিন ডলার হওয়ায় প্রতি টন জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম চার্জ ৯৫ ডলার অপরিবর্তিত রাখা, এলপিজি

আমদানির বিদ্যমান অন্যান্য চার্জ অপরিবর্তিত রাখা, স্টিলের সিলিন্ডারের Useful life ১৫ বছর এবং কম্পোজিট সিলিন্ডারের ক্ষেত্রে সিলিন্ডারের Useful life ৩০ বছর বিবেচনা করা, ডেব্ট ও ইক্যুইটি অনুপাত ৭০:৩০, দীর্ঘমেয়াদী ঋণের সুদের হার ৮.০০%, দীর্ঘমেয়াদি ঋণের মেয়াদ ১০ বছর এবং ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধ বিবেচনায় Loan Repayment Schedule অনুযায়ী দীর্ঘমেয়াদি ঋণের গড় বার্ষিক সুদের পরিমাণ, ওয়ার্কিং ক্যাপিটালের সুদের হার ৮.০০%, রিস্ক প্রিমিয়ামসহ রিটার্ন অন ইক্যুইটি ৮%, ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণের ফুয়েল কস্ট নির্ধারণে ডিজেলের মূল্য ৬৫ টাকা/লিটার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় হার ৮৫.০৪ টাকা বিবেচনা করে।

৪.১.৮ সেপ্টেম্বর ২০২১ মাসের জন্য ঘোষিত Saudi CP'র ভিত্তিতে TEC কর্তৃক মূল্যায়িত বেসরকারি এলপিজি লাইসেন্সীগণ কর্তৃক রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত এলপিজি'র রাজস্ব চাহিদা নিম্নের সারণি-৪.১ এ বর্ণিত হলো:

**সারণি-৪.১: বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী কর্তৃক রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত এলপিজি'র ব্যয়/রাজস্ব চাহিদা**

| ক্রমিক নং | | বিবরণ | পরিমাণ (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP) | ৫৬.৫৫ |
| | ২ | জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম ব্যয় | ৮.০৬ |
| | ৩ | অন্যান্য ব্যয় | ০.৫৩ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৬৫.১৪** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় | ১৫.১৪ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | **৮০.২৮** |
| ঘ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ে মূসক | ৪.০১ |
| ঙ | | ব্যবসায়ী পর্যায়ে মূসক | ১.৭৯ |
| **চ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-উত্তর (গ+ঘ+ঙ)** | **৮৬.০৮** |
| ছ | | ডিস্ট্রিবিউটরের ব্যয় (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত) | ২.৫৮ |
| জ | | রিটেইলারের ব্যয় | ২.৮২ |
| **ঝ** | | **রিটেইলার পয়েন্ট ভোক্তাপর্যায়ে এলপিজি'র সরবরাহ ব্যয়/রাজস্ব চাহিদা [চ+ছ+জ]** | **৯১.৪৮** |

৪.১.৯ TEC কর্তৃক নিরূপিত বেসরকারি লাইসেন্সীগণের এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ রাজস্ব চাহিদা নিম্নের সারণি-৪.২ এ বর্ণিত হলো:

**সারণি-৪.২: বেসরকারি লাইসেন্সীগণের এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ রাজস্ব চাহিদা**

| ব্যয়ের খাত | | ২০২১-২২ এর জন্য TEC'র প্রাক্কলন | TEC'র ব্যাখ্যা |
|---|---|---|---|
| ১ | ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) | ১৪৪.০০ মিলিয়ন টাকা | এলপিজি লাইসেন্সীসমূহের ২০১৯/২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত হিসাব প্রতিবেদনে প্রদর্শিত প্রতি কেজি ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড ব্যয় ভারিত গড়ে ২২.৪৩ টাকা/১২ কেজি এবং বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় ভারিত গড়ে |

| | | | |
|---|---|---|---|
| ২ | বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় | ৩৩৬.১২ মিলিয়ন টাকা | ৫২.৩৭ টাকা/১২ কেজি বিবেচনায় Proforma Adjustment এর মাধ্যমে ২০২১-২২ অর্থবছরের ব্যয় নিরূপণ। |
| ৩ | অবচয় | ৩৭১.৬২ মিলিয়ন টাকা | নিরীক্ষিত হিসাব প্রতিবেদনসমূহে প্রদর্শিত ব্যবহার্য এবং ব্যবহৃত সম্পদের প্রকৃত সংগৃহ মূল্য-কে ভিত্তি হিসেবে বিবেচনায় অবচয়ের হার স্টিলের সিলিন্ডার ৬.৬৭%, কম্পোজিট সিলিন্ডার ৩.৩৩%, বিল্ডিং এবং প্ল্যান্ট ও মেশিনারিজ ৩.৩৩%; জেটি এন্ড পন্টুন ২.০০%; বার্জ ৩.৩৩%; মটর ভেহিক্যাল, অফিস ইকুইপমেন্ট ও ফার্নিচার এন্ড ফিক্সার ১০.০০% অনুসারে স্ট্রেইট-লাইন পদ্ধতি ভিত্তিক নির্ণীত অবচয়ের পরিমাণ বিবেচনায়। |
| ৪ | রিটার্ন অন রেট বেজ | ৩৫১.১৭ মিলিয়ন টাকা | দীর্ঘমেয়াদী ঋণের সুদের হার ৮.০০%, দীর্ঘমেয়াদি ঋণের মেয়াদ ১০ বছর এবং ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ পরিশোধ বিবেচনায় Loan Repayment Schedule অনুযায়ী দীর্ঘমেয়াদি ঋণের গড় বার্ষিক সুদের পরিমাণ, ওয়ার্কিং ক্যাপিটালের সুদের হার ৮.০০% এবং রেট অব রিটার্ণ অন ইক্যুইটি ৮.০০% (আমানতের সুদের হার ৬.০০% + রিস্ক প্রিমিয়াম ২.০০%) বিবেচনায়। |
| ৫ | কর্পোরেট ইনকাম ট্যাক্স | ৬৩.৩২ মিলিয়ন টাকা | কর পূর্ববর্তী নীট মুনাফার ওপর ৩০.০০% হারে |
| ৬ | **মোট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/ মোট বার্ষিক রাজস্ব চাহিদা (১+...+৫)** | **১,২৬৬.২৩ মিলিয়ন টাকা** | |
| ৭ | অন্যান্য আয় এবং বাল্ক এলপিজি সরবরাহজনিত ব্যয় সমন্বয় | ১০০.০৮ মিলিয়ন টাকা | নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে অন্যান্য আয়, নিরাপত্তা জামানত হিসেবে গৃহীত/প্রাপ্ত অর্থের ওপর ৬.০০% হারে সুদ আয় ৭৩.৭৪ মিলিয়ন টাকা বা ভারিত গড়ে ১১.৪৯ টাকা/১২ কেজি এবং বাল্ক এলপিজি সরবরাহের বিপরীতে আনুপাতিকহারে ব্যয় সমন্বয় ২৬.৩৪ মিলিয়ন টাকা বা ৪.১০ টাকা/১২ কেজি। |
| ৮ | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/নীট বার্ষিক রাজস্ব চাহিদা (৬-৭)** | **১,১৬৬.১৫ মিলিয়ন টাকা** | |
| ৯ | **এলপিজি বিক্রয়ের পরিমাণ** | **৭৭.০৩ মিলিয়ন কেজি** | বাল্ক এলপিজি সরবরাহের পরিমাণ ব্যতীত গড় এলপিজি বিক্রয়ের পরিমাণ। |
| ১০ | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ রেট [৮÷৯)** | **১৫.১৪ টাকা/কেজি** | |

TEC এর মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ প্রতিষ্ঠানের নীট মজুতকরণ ও বোতলজাতকরণ রাজস্ব চাহিদার পরিমাণ (মোট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/মোট রাজস্ব চাহিদা থেকে অন্যান্য আয় বাদ দিয়ে) ১,১৬৬.১৫ মিলিয়ন টাকা বা ১৫.১৪ টাকা/কেজি বা প্রায় ১৮২ টাকা/১২ কেজি।

৪.১.১০ TEC কর্তৃক বেসরকারি এলপিজি ডিস্ট্রিবিউটরের ২০২১-২২ অর্থবছরের রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৪.৩ এ বর্ণনা করা হলো:

**সারণি-৪.৩: বেসরকারি এলপিজি ডিস্ট্রিবিউটরের ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১-২২ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ১.৬৬২ মিলিয়ন টাকা |
| ২ | অবচয় | ০.২১২ মিলিয়ন টাকা |
| ৩ | রিটার্ন অন রেট বেজ | ০.২৫৭ মিলিয়ন টাকা |
| ৪ | **ডিস্ট্রিবিউটরের মোট ব্যয়/রাজস্ব চাহিদা (১+২+৩)** | **২.১৩১ মিলিয়ন টাকা** |
| ৫ | বার্ষিক এলপিজি বিক্রয়ের পরিমাণ | ০.৮২৭ মিলিয়ন কেজি |
| ৬ | **ডিস্ট্রিবিউটরের ব্যয় [৪÷৫]** | **২.৫৮ টাকা/কেজি** |

TEC'র মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী এলপিজি ডিস্ট্রিবিউটরের ব্যয়/রাজস্ব চাহিদা ২.৫৮ টাকা/কেজি বা প্রায় ৩১ টাকা/১২ কেজি সিলিন্ডার।

৪.১.১১ TEC কর্তৃক বেসরকারি এলপিজি রিটেইলারের ২০২১-২২ অর্থবছরের ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৪.৪ এ বর্ণনা করা হলো:

**সারণি-৪.৪: বেসরকারি এলপিজি রিটেইলারের ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১-২২ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ১৮৬.৯০১ হাজার টাকা |
| ২ | অবচয় | ১.৪২৭ হাজার টাকা |
| ৩ | রিটার্ন অন রেট বেজ | ২১.১৫১ হাজার টাকা |
| ৪ | **রিটেইলারের মোট ব্যয়/রাজস্ব চাহিদা (১+২+৩)** | **২০৯.৪৭৯ হাজার টাকা** |
| ৫ | বার্ষিক এলপিজি বিক্রয়ের পরিমাণ | ৭৪.১৭৬ হাজার কেজি |
| ৬ | **রিটেইলারের ব্যয় [৪÷৫]** | **২.৮২ টাকা/কেজি** |

TEC'র মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী এলপিজি রিটেইলারের ব্যয়/রাজস্ব চাহিদা ২.৮২ টাকা/কেজি বা প্রায় ৩৪ টাকা/১২ কেজি সিলিন্ডার।

৪.১.১২ TEC তাদের মূল্যায়ন প্রতিবেদনে নিম্নোক্ত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ উল্লেখ করে:

৪.১.১২.১ চলতি মাসের (সেপ্টেম্বর ২০২১) Saudi Contract Price (Saudi CP) বিবেচনায় রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র সরবরাহ ব্যয় ৯১.৪৮ টাকা/কেজি বা ১,০৯৭.৭৬ টাকা/১২ কেজি;

৪.১.১২.২ লাইসেন্সী এবং স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের সম্মতিতে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে চলতি মাসের Saudi CP'র ভিত্তিতে চলতি মাসের বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় করা;

৪.১.১২.৩ নিরীক্ষিত হিসাব প্রতিবেদনসমূহে প্রদর্শিত ব্যয়ের ভিত্তিতে প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটর পর্যন্ত এলপিজি পরিবহণ ব্যয় TEC'র প্রাক্কলনে বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকায় প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটরের আঙ্গিনায় লাইসেন্সী কর্তৃক স্বীয় ব্যয়ে এলপিজি পৌঁছে দেয়া;

৪.১.১২.৪ পূর্বনির্ধারিত ফর্মূলা অনুসারে চলতি মাসের Saudi CP'র ভিত্তিতে মাসভিত্তিক অটোগ্যাসের মূল্য পুনঃনির্ধারণ/সমন্বয় করা। অটোগ্যাসের বিদ্যমান পরিবহণ ব্যয় ১.২৫ টাকা/লিটার এবং স্টেশন চার্জ ৮.০০ টাকা/লিটার অপরিবর্তিত রাখা;

৪.১.১২.৫ নতুন সিলিন্ডারের বিপরীতে গৃহীত/প্রাপ্ত অর্থ নিরীক্ষিত হিসাব প্রতিবেদনে জামানত হিসেবে প্রদর্শন করা ও উক্ত অর্থ পৃথক হিসাবে জমা রাখা এবং জমাকৃত অর্থের ওপর প্রাপ্ত সুদ আয় হিসেবে প্রদর্শন করা;

৪.১.১২.৬ এলপিজি লাইসেন্সী কর্তৃক সিলিন্ডারের প্রকৃত একুইজিশন ব্যয় নিরীক্ষিত হিসাব প্রতিবেদনে প্রদর্শন করা;

৪.১.১২.৭ এলপিজি লাইসেন্সীসমূহের জন্য অভিন্ন হিসাব পদ্ধতি নির্ধারণ করা; এবং

৪.১.১২.৮ এলপিজি সেক্টরের নিরাপত্তা নিশ্চিতকরণে কমিশন কর্তৃক এলপিজি কোডস্ এন্ড স্ট্যান্ডার্ডস প্রণয়নের পূর্ব পর্যন্ত এলপিজি বিষয়ক আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোডস্ এন্ড স্ট্যান্ডার্ডসসমূহ অনুসরণ করার জন্য এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণকে নির্দেশনা প্রদান করা।

## ৫.০ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৬) মতে কমিশন কর্তৃক লাইসেন্সী ও আগ্রহী পক্ষগণকে শুনানি:

৫.১ বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের আবেদন/প্রস্তাবের বিষয়ে কমিশন ০৭ ও ০৮ জুলাই ২০২১ তারিখ শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল, বাংলাদেশ ইন্সটিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনে শুনানির দিন, তারিখ ও স্থান নির্ধারণ করে। অনুষ্ঠেয় শুনানিতে অংশগ্রহণের বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষসমূহকে ০৮ জুন ২০২১ তারিখে কমিশন কর্তৃক নোটিশ প্রদান করা হয় এবং ১০ জুন ২০২১ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ফাইনান্সিয়াল এক্সপ্রেস, নিউ এজ, আমাদের

অর্থনীতি এবং দৈনিক মানবকণ্ঠ পত্রিকায় শুনানি অনুষ্ঠানের গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পরবর্তীতে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক ০১ থেকে ১৪ জুলাই ২০২১ এবং ২৩ জুলাই থেকে ১০ আগস্ট ২০২১ পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করায় এবং উক্ত সময়ে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ ঘোষণা করায় অনুষ্ঠেয় শুনানি স্থগিত করা হয়।

৫.২ পরবর্তীতে সরকার কর্তৃক ১১ আগস্ট ২০২১ তারিখ থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খোলা থাকবে ঘোষণা করায় কমিশন কর্তৃক ১৭ ও ১৮ আগস্ট ২০২১ তারিখসমূহে বর্ণিত বিষয়ে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের তারিখ পুনরায় ধার্য করা হয় যা, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৫৭৬৩/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০২১ তারিখে প্রদত্ত রুল ও স্থগিতাদেশের কারণে স্থগিত করা হয়। উক্ত স্থগিতাদেশের বিষয়ে কমিশন কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নম্বর-১৭২২/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য আপীল বিভাগের চেম্বার জজ আদালত ২৬ আগস্ট ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে শুনানিঅন্তে মহামান্য হাইকোর্ট বিভাগের ১২ আগস্ট ২০২১ তারিখের আদেশ ০৬ (ছয়) সপ্তাহের জন্য স্থগিত করেন। এ প্রেক্ষাপটে ১৩ ও ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল, বাংলাদেশ ইন্সটিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনে বর্ণিত বিষয়ে শুনানির দিন, তারিখ ও স্থান নির্ধারণ করা হয়। অনুষ্ঠেয় শুনানির বিষয়ে ২৯ আগস্ট ২০২১ তারিখে কমিশন কর্তৃক গণবিজ্ঞপ্তি জারি করা হয়। শুনানি অনুষ্ঠানের গণবিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে এবং ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখের দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক ভোরের ডাক, দৈনিক বণিক বার্তা, দৈনিক আমাদের নতুন সময়, ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস এবং ডেইলি ঢাকা ট্রিবিউন পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত শুনানি অনুষ্ঠানের বিষয়ে ২৯ আগস্ট ২০২১ তারিখে স্বার্থসংশ্লিষ্ট পক্ষসমূহকে কমিশন কর্তৃক পুনরায় লিখিত নোটিশ প্রদান করা হয়। গণবিজ্ঞপ্তি এবং লিখিত নোটিশে আগ্রহী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত শুনানিতে অংশগ্রহণের উদ্দেশ্যে ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তকরণ এবং শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে দাখিলের জন্য অনুরোধ করা হয়। গণবিজ্ঞপ্তি এবং লিখিত নোটিশে নির্ধারিত শুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

৫.৩ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন এবং ওমেরা গ্যাস ওয়ান লিমিটেড এলপিজি'র মূল্যহার পরিবর্তনের বিষয়ে শুনানি-পূর্ব লিখিত মতামত কমিশনে দাখিল করে।

৫.৪ ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ১২(৩) অনুযায়ী কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে বিয়াম ফাউন্ডেশনের অডিটরিয়ামে ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে দিনব্যাপী শুনানি অনুষ্ঠিত হয়।

৫.৫ শুনানিতে বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের প্রতিনিধিবৃন্দ এবং এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া, শুনানিতে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, শিল্প মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড (NBR), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, ভূতত্ত্ব অধিদপ্তর, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (FBCCI), কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন, সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, গণতন্ত্রী পার্টি ও গণসংহতি আন্দোলন এর প্রতিনিধিবৃন্দ; বিভিন্ন স্টেকহোল্ডার এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

৫.৬ কোভিড-১৯ জনিত পরিস্থিতির মধ্যে শুনানিতে উপস্থিত হওয়ার জন্য সকলকে কমিশনের পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কমিশন কর্তৃক শুনানির উদ্দেশ্য এবং এর বিচারিক তাৎপর্য উল্লেখপূর্বক এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষসমূহকে পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রেখে তথ্য ও দলিলাদি উপস্থাপনের অনুরোধ জানিয়ে কমিশনের চেয়ারম্যান কর্তৃক উল্লেখ করা হয় যে "মূল্যহার পরিবর্তন প্রস্তাব বিষয়ে শুনানি গ্রহণ একটি আইনী প্রক্রিয়া ও Quasi-judicial System। কমিশন অনুসরণীয় Methodology ও Standard অনুযায়ী সংশ্লিষ্ট সকলের স্বার্থ বিবেচনায় নিয়ে প্রস্তাব সমূহের যথার্থতা, ন্যায্যতা ও যৌক্তিকতা বিশ্লেষণ করে। এ ক্ষেত্রে প্রস্তাবের/আবেদনের যথার্থতা, ন্যায্যতা ও যৌক্তিকতা প্রমাণের দায়িত্ব আবেদনকারিগণের। অন্য কোনো পক্ষ যদি ভিন্নতর কোনো দাবি উপস্থাপন করেন সে ক্ষেত্রে এ বিষয়ে প্রমাণের দায়িত্ব ভিন্নতর দাবী উপস্থাপনকারীর। এ ক্ষেত্রে প্রস্তাবকারিগণ নিজ নিজ প্রতিটি প্রস্তাব/দাবী দালিলিক সাক্ষ্য প্রমাণাদিসহ শুনানিতে উপস্থাপন করবেন, যাতে বিষয়টি সুষ্ঠুভাবে প্রতিভাত (Visibly Reflected) হয়। অস্পষ্ট, অস্বচ্ছ ও দালিলিক প্রমাণবিহীন উপস্থাপন একটি সর্বজনগ্রাহ্য, ন্যায়সঙ্গত ও নিরপেক্ষ সিদ্ধান্ত গ্রহণে কোনোভাবেই সহায়ক নয়। তাই কমিশন আশা করে শুনানিতে পক্ষগণ যুক্তিযুক্ত তথ্য, উপাত্ত ও প্রাসঙ্গিক বিষয়াদি পেশ করবেন যা বস্তুনিষ্ঠ ও জ্ঞাত এবং দালিলিক প্রমাণ দ্বারা সমর্থিত এবং যা কমিশনের ন্যায়সঙ্গত সিদ্ধান্ত গ্রহণের জন্য সহায়ক হবে।" চেয়ারম্যান ও সভাপতি কর্তৃক অতঃপর বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের প্রস্তাবনা উপস্থাপনের জন্য বেসরকারি লাইসেন্সীগণকে অনুরোধ জানানো হয়।

৫.৭ বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের প্রতিনিধি হিসেবে জনাব নাফিস কামাল, ডাইরেক্টর, পেট্রোম্যাক্স এলপিজি লিমিটেড; প্রকৌশলী সামসুল হক আহমেদ, সিইও, ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড; জনাব এম মুনতাসির আলম, চীফ কমার্শিয়াল অফিসার, বেক্সিমকো এলপিজি লিমিটেড এবং জনাব জাকারিয়া জালাল, বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড প্রস্তাব উপস্থাপন করেন। বেসরকারি লাইসেন্সীগণ এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয়ের বিষয়ে তাদের প্রস্তাবনায় নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করে:

৫.৭.১ শুনানির মাধ্যমে এলপিজি'র বাস্তবসম্মত সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করে প্রায় ৩০টি প্রতিষ্ঠানকে কমিশনের নির্ধারণ করা সর্বোচ্চ খুচরা মূল্য বা তার কমে নিজ নিজ দরে প্রতিযোগিতামূলক মূল্যে গ্রাহকদের চাহিদা পূরণ করার আশাবাদ ব্যক্ত করা হয়।

৫.৭.২ বিইআরসি কর্তৃক গত ১২ এপ্রিল ২০২১ তারিখে প্রথমবারের মতো বেসরকারি পর্যায়ে এলপিজি'র যে মূল্য নির্ধারণ করা হয় তাতে মাত্র ৩টি কোম্পানীর (২৭টির মধ্যে) তথ্য বিবেচনায় নেয়া হয়। যার মাধ্যমে এ খাতের সম্পূর্ণ চিত্র প্রতিফলিত হয়নি।

৫.৭.৩ সকল যৌক্তিক খরচ বিবেচনায় নিয়ে এলপিজি'র সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) নির্ধারণ করা উচিত। বর্তমানে প্রায় ৩০টির মত এলপিজি কোম্পানী ব্যবসা পরিচালনা করছে, যাদের প্রত্যেকের অবকাঠামো এবং লজিস্টিক ব্যবস্থাপনা স্বতন্ত্র। তাই ব্যবসায়িক স্থিতিশীলতা বজায় রাখার জন্য সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণের ক্ষেত্রে প্রতিটি ব্যয় খাতের সর্বোচ্চ ব্যয় বিবেচনায় নেয়া উচিত।

৫.৭.৪ পুরাতন অপারেটর যারা অনেকদিন ধরে ব্যবসা চালাচ্ছে তাদের তুলনায় নতুন অপারেটরদের পরিচালনা খরচে বড় ধরনের পার্থক্য থাকবে। তাই গড় খরচ বিবেচনায় নিয়ে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করা হলে তা একদিকে যেমন নতুন অপারেটরদের জন্য যথোপযুক্ত হবে না এবং অন্যদিকে পুরাতন অপারেটরদের জন্য প্রত্যাশিত মাত্রার চেয়ে বেশী লাভজনক হবে। তাই ২টি সিলিং মূল্য নির্ধারণ করা উচিত যথা: (ক) সর্বোচ্চ খুচরা মূল্য এবং (খ) সর্বনিম্ন খুচরা মূল্য। একটি উন্মুক্ত প্রতিযোগিতামূলক বাজার হওয়ায় অপারেটররা এ রেঞ্জের মধ্যে থেকে তাদের সুবিধামত নিজস্ব মূল্যে বিক্রি করবে।

৫.৭.৫ মূল্য নির্ধারণের ক্ষেত্রে Saudi Contract Price (Saudi CP) এর সাথে ফ্রেইট এবং প্রিমিয়ামকেও variable cost factor হিসেবে বিবেচনায় নিয়ে সর্বোচ্চ খুচরা মূল্য (MRP) নির্ধারণ করা উচিৎ। তাছাড়া, Short Term Deposit (STD) এর উপর ইন্টারেস্ট, স্ক্রাপ (scrap) বিক্রয়, সহযোগী কোম্পানীর মুনাফার অংশ ইত্যাদি খুচরা মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিবেচনায় নেয়া উচিত হবে না। কেননা এগুলো এক কোম্পানী হতে আরেক কোম্পানীর ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হবে।

৫.৭.৬ সকল এলপিজি কোম্পানী তাদের বিনিয়োগ, ব্যবসার আকার, অবকাঠামো এবং লজিস্টিক বিবেচনায় স্বতন্ত্র। তাই সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণের ক্ষেত্রে প্রতিটি ব্যয় খাতের সর্বোচ্চটাকে বিবেচনায় নিলে কোম্পানীসমূহের Commercial Sustainability নিশ্চিত হবে ।

৫.৭.৭ বর্তমানে M-1 CP ফর্মূলায় অর্থাৎ পূর্বের মাসের CP বিবেচনায় খুচরা মূল্য নির্ধারণ করা হচ্ছে। এর ফলে CP'র বড় ধরনের তারতম্য হলে বাজারে অস্থিতিশীলতা সৃষ্টি হবে। তাই M-1 CP'র পরিবর্তে চলতি মাসের (Current Month-M) CP বিবেচনায় নিয়ে খুচরা মূল্য নির্ধারণ করা উচিত।

৫.৭.৮ বাল্ক বিক্রয়ের ক্ষেত্রে পরিস্থিতি বিবেচনায় ন্যূনতম মার্জিন/কোনো মার্জিন ছাড়া বিক্রয় করা হয়ে থাকে। তাই রিফিল প্রাইসের ক্ষেত্রে বাল্ক বিক্রয়ের পরিমাণ বিবেচনায় নেয়া যৌক্তিক হবে না।

৫.৭.৯ রিটার্ণ অন ইকুইটি অবশ্যই ঋণের সুদের চেয়ে বেশি হতে হবে। কেননা কোম্পানীর প্রফিট মার্জিন যাই থাকুক না কেন লোন রিপেমেন্ট করতে বাধ্য।

৫.৭.১০ বিইআরসি কর্তৃক যে ইন্টারেস্ট রেট (৮%) ধরা হয়েছে প্রকৃত ইন্টারেস্ট রেট তার চেয়ে অনেক বেশি।

৫.৭.১১ লাইসেন্সীগণের বিক্রয় খরচের মধ্যে ইনসেনটিভ, ডিসকাউন্ট, রিবেইট ইত্যাদি অন্তর্ভুক্ত। এ ইনসেনটিভসমূহের মধ্যে অন্যতম পরিবহণ খরচের ইনসেনটিভ যার মাধ্যমে প্লান্ট হতে ডিস্ট্রিবিউটরদের ওয়্যারহাউজ পর্যন্ত রিফিলসমূহ লাইসেন্সীগণের খরচে পৌঁছে দেয়া হয়। এ ধরনের সকল ডিস্ট্রিবিউশন খরচ বিবেচনায় গড়ে প্রতিটি ১২ কেজি রিফিলে ৪৫-৫০ টাকা খরচ হয় যা বিইআরসি কর্তৃক মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিবেচিত হয়নি।

৫.৭.১২ প্রতিটি ডিস্ট্রিবিউটরের ব্যবসা পরিচালনার জন্য ভাড়া, ইউটিলিটি, কর্মচারীর বেতন, পরিবহণ খরচ এবং অন্যান্য পরিচালন খরচ রয়েছে। প্রতিটি ১২ কেজি রিফিলের জন্য ডিস্ট্রিবিউটরদের গড়ে পরিচালন খরচ ৩০-৪০ টাকা এবং তার সাথে ২০ টাকা মার্জিন বিবেচনা করা প্রয়োজন ডিস্ট্রিবিউটরদের ব্যবসা টেকসইভাবে চালানোর জন্য। তাই এলপিজি লাইসেন্সীগণ কর্তৃক ডিস্ট্রিবিউটরদের খরচ এবং মার্জিন ৫০ টাকা নির্ধারণ করার প্রস্তাব দেয়া হয়েছে।

৫.৭.১৩ রিটেইলারদের ব্যবসা পরিচালনার জন্য তাদের নিজস্ব খরচ যেমন ভাড়া, কর্মচারীর বেতন এবং অন্যান্য পরিচালন খরচ রয়েছে। এ খরচ মেটানোর জন্য গড়ে ৩০ টাকা প্রয়োজন। তাছাড়া রিটেইলারদের ব্যবসার আকার ডিস্ট্রিবিউটরদের তুলনায় কম হওয়ায় তাদের প্রতি ১২ কেজিতে গড়ে ৫০ টাকা মার্জিন দেয়া প্রয়োজন তাদের ব্যবসা টেকসইভাবে চালানোর জন্য। সে বিবেচনায় এলপিজি লাইসেন্সীগণ রিটেইলারদের খরচ এবং মার্জিন বাবদ ৮০ টাকা প্রস্তাব করেন এবং সেইসাথে সরকারি ও বেসরকারি চার্জের পার্থক্য দূরীকরণের প্রস্তাব করেন।

৫.৭.১৪ কমিশন কর্তৃক সিলিন্ডারের মেয়াদ (useful life) ২০ বছর বিবেচনা করা হয়েছে। কিন্তু বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক গত ১৯ ডিসেম্বর ২০০২ তারিখে জারীকৃত ২(১৯০)/৬৩৮৮ নং প্রজ্ঞাপনে ১০ বছর অন্তর এলপিজি সিলিন্ডারের রিকোয়ালিফিকেশন টেস্টের বাধ্যবাধকতা রয়েছে। এলপিজি সিলিন্ডারের রিকোয়ালিফিকেশন টেস্টের জন্য সিলিন্ডার প্রতি খরচ ৫০০ টাকা, প্রতি ৪ থেকে ৫ বছর অন্তর এলপিজি সিলিন্ডার পুনরায় রং করা বাবদ ১২ কেজি সিলিন্ডার প্রতি খরচ ৩৫০ টাকা, বাল্ব পরিবর্তন করতে হলে অতিরিক্ত খরচ ২৭৫ টাকা বিইআরসি কর্তৃক বিবেচনা করা হয়নি। এ সকল ফ্যাক্টরগুলো বিবেচনায় নিয়ে সিলিন্ডার প্রতি অবচয় বাবদ খরচ ২৮.৪০ টাকার পরিবর্তে ৫৬.৪০ টাকা বিবেচনার জন্য এলপিজি লাইসেন্সীগণ প্রস্তাব করেন।

৫.৭.১৫ বেসরকারি এলপিজি লাইসেন্সীগণ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ প্রতি ১২ কেজি এলপিজি'র জন্য বর্ধিত ১৪৫ টাকা, ডিস্ট্রিবিউটর চার্জ খাতে ২৬ টাকা এবং রিটেইলার চার্জ খাতে ৫৩ টাকাসহ এ তিনখাতে মোট ২২৪ টাকা বেশি দাবী করে যার সারসংক্ষেপ পরবর্তি পৃষ্ঠার সারণি-৫.১ এ উল্লেখ করা হলো:

## সারণি:- ৫.১ লাইসেন্সীসমূহ কর্তৃক শুনানিতে উপস্থাপিত প্রস্তাবের সারসংক্ষেপ

| ক্রমিক নং | বিবরণ | কমিশন কর্তৃক নির্ধারিত (টাকা/১২ কেজি) | লাইসেন্সী কর্তৃক প্রস্তাবিত (টাকা/১২ কেজি) | ব্যবধান (টাকা/১২ কেজি) |
|---|---|---|---|---|
| ১ | বাল্ক ও রিফিল সহ এবং ব্যতীত মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | ১৪৩ | ১৭৯ | ৩৬ |
| ২ | রিটার্ণ অন ইক্যুইটি | ১৫ | ৫০ | ৩৫ |
| ৩ | বিপণন এবং প্রশাসনিক খরচ | ৪৫ | ৯১ | ৪৬ |
| ৪ | অবচয় | ২৮.৪০ | ৫৬.৪০ | ২৮ |
| ৫ | **মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ এর ব্যবধান** | | | **১৪৫** |
| ৬ | ডিস্ট্রিবিউটরের ব্যয় | ২৪ | ৫০ | ২৬ |
| ৭ | রিটেইলারের ব্যয় | ২৭ | ৮০ | ৫৩ |
| ৮ | **মোট ব্যববধান** | | | **২২৪** |

৫.৮ ক্যাব প্রতিনিধি কর্তৃক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণের প্রতিনিধিবৃন্দকে জেরা পর্বে শুনানিতে নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপিত হয়:

৫.৮.১ ক্যাব প্রতিনিধি উল্লেখ করেন লাইসেন্সীগণের আবেদনের স্বপক্ষে কোনো তথ্য-প্রমাণ দেয়া হয়নি। এ প্রসঙ্গে বেসরকারি লাইসেন্সীগণ জানান তাদের তথ্যাদি number/ fact based। তারা কারিগরি মূল্যায়ন কমিটির সাথে তথ্য শেয়ার করেছেন এবং অডিট রিপোর্ট দাখিল করেছেন। অডিট রিপোর্টের বাইরেও যেসব প্যারামিটার আছে তাও সরবরাহ করা হয়েছে। এ প্রসঙ্গে ক্যাব প্রতিনিধি উল্লেখ করেন যে শুনানি একটি বিচারিক প্রক্রিয়া Civil proceedings এ যে-রকম তথ্য-উপাত্ত দাখিল করতে হয় ঠিক একই রকমভাবে এখানেও তথ্য-উপাত্ত উপস্থাপিত হতে হবে।

৫.৮.২ ক্যাব প্রতিনিধি মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের ফি সম্পর্কে জানতে চাইলে লাইসেন্সীগণ জানান যে, মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের জন্য কমিশনকে কোনো ফি দিতে হয়নি।

৫.৮.৩ ক্যাব প্রতিনিধি বেসরকারি লাইসেন্সী প্রতিনিধিদের নিকট একটি খালি ১২ কেজি সিলিন্ডারের মূল্য জানতে চাইলে বেসরকারি লাইসেন্সী প্রতিনিধি জানান এটির উৎপাদন খরচ ২,৮০০ থেকে ২,৯০০ টাকা এবং আমদানি করলে এটির ব্যয় আরো ১০০/২০০ টাকা বেশী হয়।

৫.৮.৪ ক্যাব প্রতিনিধি লাইসেন্সী প্রতিনিধিদের নিকট ১০ বছর পর সিলিন্ডারের রিপেয়ার ও রিফার্বিশিং ব্যয় বাবদ ২,১৭৫ টাকার ভিত্তি জানতে চাইলে লাইসেন্সী প্রতিনিধি জানান এটি প্রক্রিয়াগত বিষয়।

৫.৮.৫ ক্যাব প্রতিনিধি লাইসেন্সী প্রতিনিধিদের নিকট প্রতি টন এলপিজি প্রতি বিনিয়োগ ব্যয় জানতে চাইলে লাইসেন্সী প্রতিনিধি জানান এটির কোম্পানিভিত্তিক ভিন্নতা রয়েছে।

৫.৮.৬ ক্যাব প্রতিনিধি উল্লেখ করেন যে, লাইসেন্সীদের মধ্যে ব্যয়ের ভিন্নতা দেখা যায়। ব্যবসায় করতে গিয়ে অধিক বিনিয়োগের বিষয়টিকে কমিশনকে রেগুলেট করতে হবে কারণ সকলকে লেভেল প্লেয়িং ফিল্ড এ আনতে হবে। প্রয়োজনের তুলনায় সে ব্যয়হার অধিক হলে যতটুকু অধিক হবে, তা সমন্বয় করে মূল্যহার বৃদ্ধি করার যৌক্তিকতা নিয়ে তিনি প্রশ্ন রাখেন।

৫.৮.৭ ক্যাব প্রতিনিধি উল্লেখ করেন যে, বিদ্যমান মূল্যহার ১,০৩৩ টাকা হলেও বাজারে বিক্রি হচ্ছে ১,১০০ টাকায়। অথচ মূল্যহার সংশোধন প্রস্তাবে তা কমবেশী ১,৩৮১ টাকা। এ বিষয়ে লাইসেন্সী প্রতিনিধি জানান যে, ১,১০০ টাকায় বিক্রি করে কোনো অপারেটর মুনাফা করতে পারছে না।

৫.৮.৮ ক্যাব প্রতিনিধি জানান যে, প্রবিধান মতে লাইসেন্সীগণ যে পরিমাণ আয় হার দ্বারা ভোক্তাদের স্বল্পতম ব্যয়ে এলপিজি সরবরাহ করতে সক্ষম তাই রাজস্ব চাহিদা তথা এলপিজি'র বিক্রয় মূল্য। ভোক্তাকে সর্বনিম্ন ব্যয়ে এলপিজি দেয়ার জন্য কৌশল কমিশনকে নিতে হবে।

৫.৮.৯ ক্যাব প্রতিনিধি জানান যে, অটোগ্যাসের মূল্যহার বছরে একবার নির্ধারণের প্রস্তাবটি যুক্তিযুক্ত। তবে এখাতের লাইসেন্সীগণকেও বিদ্যুৎ ও গ্যাস খাতের লাইসেন্সীগণের মতো আলাদাভাবে আসতে হবে। সে জন্য আলাদা একটি প্রবিধানমালা প্রণয়ন করতে হবে। সে প্রবিধানমালা ক্যাবের সাথে কনসাল্টেশনের মাধ্যমে চূড়ান্ত হতে হবে। লাইসেন্সীগণ যে রকম proper methodological approach/process চাচ্ছেন তা প্রবিধানমালায় সন্নিবেশিত করা যাবে।

৫.৮.১০ ক্যাব প্রতিনিধি চলতি মাসের Saudi CP'র ওপর ভিত্তি করে মূল্যহার নির্ধারণের বিষয়ে প্রশ্ন রাখলে লাইসেন্সী প্রতিনিধি পূর্ববর্তী মাসের Saudi CP'র ওপর ভিত্তি করে মূল্যহার নির্ধারণের অসুবিধা সম্পর্কে বলেন যে, যদি ভোক্তারা জানতে/বুঝতে পারে পরবর্তী মাসে দাম বেড়ে যাবে তবে চলতি মাসে কেনার হিড়িক পড়বে। আর যদি জানতে পারে পরবর্তী মাসে দাম কমে যাবে তবে চলতি মাসে বিক্রির পরিমাণ কমে যাবে। লাইসেন্সীগণকে সারা বছরের জন্য চুক্তি করতে হয়।

৫.৯ ক্যাব প্রতিনিধি কর্তৃক কারিগরি মূল্যায়ন কমিটিকে জেরা পর্বে শুনানিতে নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপিত হয়:

৫.৯.১ ক্যাব প্রতিনিধি লাইসেন্সীগণের নিকট থেকে প্রাপ্ত তথ্যের বিষয়ে জানতে চাইলে কারিগরি মূল্যায়ন কমিটি প্রাপ্ত তথ্যাদি বিস্তারিতভাবে শুনানিতে অবহিত করে। কমিটি আরও জানায় যে, ১৮টি আবেদনকারি প্রতিষ্ঠানের মধ্যে ১৫টি প্রতিষ্ঠানের অডিট রিপোর্ট পাওয়া গিয়েছে। জাহাজভাড়া সংক্রান্ত তথ্য ১২টি প্রতিষ্ঠান হতে পাওয়া গিয়েছে। আবেদনকারীগণ হতে প্রাপ্ত অডিট রিপোর্টের ভিত্তিতে হিসাব করা হয়েছে এবং সারাদেশে অভিন্ন মূল্যহার বজায় রাখার স্বার্থে প্রবিধানমতে ভারিত গড় বিবেচনায় নেয়া হয়েছে।

৫.৯.২ ক্যাব প্রতিনিধি সিলিন্ডারের অবচয় নির্ধারণে ব্যবহার্য আয়ুষ্কাল ২০ বছর ধরার ভিত্তি জানতে চাইলে কারিগরি মূল্যায়ন কমিটি জানায়, এটি অডিট রিপোর্ট থেকে নেয়া হয়েছে। কেউ ব্যবহার্য আয়ুষ্কাল ১০ বছর আবার কেউ ২০ বছর ধরেছে।

৫.৯.৩ ক্যাব প্রতিনিধি প্রস্তাবিত জাহাজভাড়ার যৌক্তিকতা জানতে চাইলে কারিগরি মূল্যায়ন কমিটি জানায়, ১২টি প্রতিষ্ঠান হতে জাহাজ ভাড়ার তথ্য পাওয়া গিয়াছে। তাদের ইনভয়েস/এলসি যাচাই করা হয়েছে।

## ৬.০ লাইসেন্সী ও স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মতামত:

এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন এবং ওমেরা গ্যাস ওয়ান লিমিটেড এলপিজি'র মূল্যহার পরিবর্তনের বিষয়ে শুনানি-পূর্ব লিখিত মতামত কমিশনে দাখিল করে। স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণ শুনানিতে তাদের মতামত ব্যক্ত করেন। ক্যাব, বেসরকারি লাইসেন্সীগণ, বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন, এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন, বাংলাদেশ, মেসার্স আয়েশা খান এলপিজি অটো গ্যাস ফিলিং স্টেশন, শতক ফুয়েল স্টেশন এবং ব্যারিস্টার তুরিন আফরোজ শুনানি-উত্তর লিখিত মতামত কমিশনে দাখিল করে। স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের শুনানি-পূর্ব, শুনানি এবং শুনানি-উত্তর মতামত নিম্নরূপ:

### ৬.১ কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব):

শুনানি এবং শুনানি-উত্তর মতামতে উল্লেখ করা হয় যে,

৬.১.১ আইনী বিবেচনায় আদেশ সংশোধন প্রস্তাব আমল অযোগ্য। বিইআরসি এখতিয়ার বহির্ভূতভাবে তা আমলে নিয়ে গণশুনানি করায় ভোক্তারা সংক্ষুব্ধ। ফলে প্রতিকারের আশায় ক্যাব উচ্চ আদালতে রীট মামলা দায়ের করে। মামলাটি এখন বিচারাধীন;

৬.১.২ লাইসেন্সীগণের বিরুদ্ধে ক্যাব কর্তৃক আনীত বিইআরসি'র আদেশ না মানার অভিযোগ বিইআরসি ও উচ্চ আদালতে নিষ্পত্তির অপেক্ষায়। সে অভিযোগ নিষ্পত্তি না করে আদেশ সংশোধন করে লাইসেন্সীগণকে আদেশ না মানার অভিযোগের দায় থেকে যদি বিইআরসি মুক্তি দেয়, তাহলে বিইআরসি'র নিরপেক্ষতা খর্ব হবে এবং ভোক্তা সংক্ষুব্ধ হবে। এর প্রতিকার উক্ত আদেশ সংশোধন তথা মূল্যহার পরিবর্তন নয়;

৬.১.৩ মূল্যহার লাইসেন্সীগণের প্রস্তাবমত না হলে তারা মানবেন না, আবার মূল্যহার নির্ধারণ আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে ভোক্তা আইনের আশ্রয় নিবেন;

৬.১.৪ ১২ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি কর্তৃক নির্ধারিত এলপিজি'র মূল্যহার ৩০ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত কার্যকর ছিল। এ সময় সীমার মধ্যে মূল্যহার সংশোধন প্রস্তাব করা হয়নি, আবার যেহেতু মূল্যহার নির্ধারণের তারিখ থেকে ৩০ কার্যদিবসের মধ্যেও প্রস্তাব পেশ করা হয়নি; সেহেতু ওই মূল্যহার সংশোধন প্রস্তাব আমলে নেয়ার এখতিয়ার বিইআরসির নেই। তাই মূল্যহার সংশোধন প্রস্তাব খারিজ করার প্রস্তাব করা হয়েছে;

৬.১.৫ প্রতি ১২ কেজি এলপিজি সিলিন্ডারের জন্য জাহাজভাড়া ৭০.৪৫ টাকা (৬৯ মার্কিন ডলার);

৬.১.৬ মূল্যহার সংশোধন প্রস্তাবের বিচার-বিশ্লেষণ ও তুলনামূলক পর্যালোচনায় দেখা যায়, এলপিজি'র বিদ্যমান মূল্যহার ১,০৩৩ টাকার পরিবর্তে ৯৯৭.৬৮ টাকা হওয়াই যৌক্তিক;

৬.১.৭ এলপিজি'র বিদ্যমান মূল্যহার ১,০৩৩ টাকার পরিবর্তে প্রস্তাবিত কোনো মূল্যহারই যৌক্তিক নয়। তাই বিদ্যমান মূল্যহার পরিবর্তন না করা;

৬.১.৮ শুনানিতে সংশোধন প্রস্তাবভুক্ত কেনো চার্জহারই বিচার-বিশ্লেষণ ও তথ্য-প্রমাণাদি দ্বারা ন্যায়সংগত ও যুক্তিযুক্ত প্রমাণিত হয়নি, এছাড়া চার্জসমূহের যথার্থতা যাচাইয়ের জন্য যথাযথ তথ্য-প্রমাণাদি চেয়েও পাওয়া যায়নি। তাই ১২ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি কর্তৃক নির্ধারিত এলপিজি'র মূল্যহার পরিবর্তনের কোন ন্যায়সংগত ও যুক্তিযুক্ত কারণ নেই;

৬.১.৯ ১২ এপ্রিল ২০২১ তারিখে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার পরিবর্তনের প্রক্রিয়ার বৈধতা চ্যালেঞ্জ করে করা রীট মামলাটি উচ্চ আদালতে বিচারাধীন এবং উক্ত আদেশটি কার্যকর না করায় লাইসেন্সীগণ বিইআরসি'র আদেশ লঙ্ঘনের দায়ে অভিযুক্ত। এই অভিযোগের দায় থেকে তাদেরকে মুক্ত করার জন্য উক্ত মূল্যহার পরিবর্তন/সংশোধনের প্রস্তাবে ভোক্তা পক্ষ থেকে আপত্তি রইলো;

৬.১.১০ লাইসেন্সীগণের মধ্যে প্রতিযোগিতাবিহীন সমঝোতা গড়ে উঠেছে;

৬.১.১১ এলপিজি বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করে সরবরাহ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ব্যয় হ্রাসের লক্ষ্যে মূল্যহারভুক্ত চার্জসমূহ বৃদ্ধি করা অনুৎসাহিত করা আবশ্যক;

৬.১.১২ এলপিজি ও অটোগ্যাস সরবরাহ ব্যবস্থার বিভিন্ন পর্যায়ের লাইসেন্সীগণের চার্জহার ভিন্ন ভিন্ন প্রবিধান দ্বারা নির্ধারণ করা;

৬.১.১৩ সকল পর্যায়ে লাইসেন্সীগণের ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিত করা;

৬.১.১৪ এলপিজি নীতিমালাসমূহ বাতিল, আটকে রাখা প্রবিধানসমূহ গেজেটে প্রকাশ, এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ৩.১১.২০১৯ তারিখের পরিপত্র বাতিল সংক্রান্ত বিইআরসিতে আটকে থাকা ক্যাবের দু'টি পত্র জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাণিজ্য মন্ত্রণালয়ে জরুরী ভিত্তিতে অগ্রণীত করা;

৬.১.১৫ এলপিজিএল-এর স্বল্প মূল্যের এলপিজি মহানগরীর ফুড ভেন্ডার ও বস্তিবাসীর মধ্যে বিতরণের পুণঃপ্রস্তাব করা;

৬.১.১৬ এলপিজিএল-এর ক্ষেত্রে ডিস্ট্রিবিউটর ও রিটেলারের চার্জহার পুণঃনির্ধারণ করা;

৬.১.১৭ এলপিজি'কে মূসক হতে অব্যাহতি দেয়ার প্রস্তাব সরকারের নিকট পেশ করা;

৬.১.১৮ লাইসেন্সী ও মূল্যহারভুক্ত চার্জহারসমূহ দরপত্র আহ্বান করে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে নির্ধারণ করা;

৬.১.১৯ বিশেজ্ঞদের নিয়ে একটি প্লাটফর্ম তৈরি করা এবং তাঁদের মতামত নেওয়ার background তৈরি করতে হবে। সবপক্ষকে স্বার্থসংঘাতমুক্ত রেখে সিদ্ধান্তে উপনীত হতে হবে এবং balance of convenience raise করতে হবে।

**৬.২ ব্যারিস্টার তুরিন আফরোজ, ব্যারিস্টার তুরিন আফরোজ ফাউন্ডেশন:**

শুনানি এবং শুনানি-উত্তর মতামতে উল্লেখ করা হয় যে–

৬.২.১ তিনি নীলফামারীর জলঢাকার ৭০,০০০ জন নারীর প্রতিনিধিত্ব করছেন। তিনি বলেন, এলপিজি একটি পরিবেশবান্ধব জ্বালানি। নারীরা কাঠখড় এর পরিবর্তে জ্বালানি হিসেবে এলপিজি ব্যবহার করলে স্বাস্থ্যগত উপকারিতা পাবে। এ শুনানির মাধ্যমে নির্ধারিত হবে প্রত্যন্ত এলাকায় মধ্য ও নিম্নবিত্তরা এলপি গ্যাস ব্যবহার করতে পারবে কিনা। আর এ জন্যই এলপিজি মূল্যের রেগুলেশন অতীব প্রয়োজন।

৬.২.২ Free market economy সম্ভবপর না হওয়ায় regulatory pricing প্রয়োজন। কমিশনকে মূল্য নির্ধারণে market facility, feasibility এর সাথে ভোক্তা অধিকারকেও বিবেচনা করতে হবে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৩৪(২) ধারা অনুযায়ী ভোক্তা অধিকার সংরক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। আবেদনকারীগণ কর্তৃক কমিশনে যে সকল দলিলাদি দাখিল করা হয়েছে তা জনসাধারণের জন্য উন্মুক্ত করে দিতে হবে। তাহলে প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত হবে, অন্যথায় এই শুনানির উদ্দেশ্য ব্যাহত হবে।

৬.২.৩ লাইসেন্সীগণের আবেদন ও শুনানিতে লাইসেন্সীগণের মধ্যে প্রতিযোগিতা আইন, ২০১২ এ উল্লিখিত Collusion এর ইঙ্গিত পাওয়া গিয়েছে। সুতরাং বিষয়টি প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৪ অনুযায়ী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বরাবর প্রেরণ করা যেতে পারে।

৬.২.৪ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৩৪(৬) ধারা অনুযায়ী ট্যারিফ আবেদনে সকল খরচের বিপরীতে বিস্তারিত দালিলিক প্রমাণ প্রদান করা হয়নি।

৬.২.৫ কমিশনকে এলপিজি'র মূল্য নির্ধারণের পাশাপাশি তা বাস্তবায়নে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৬.২.৬ লাইসেন্সীগণের আবেদনে প্রতি ১২ কেজি এলপিজি'র মূল্য ১,৩৮১ টাকা পর্যন্ত প্রস্তাব করা হলেও তা বাজারে বর্তমানে ১,১০০ টাকায় পাওয়া যাচ্ছে। এখানে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৬ এ উল্লিখিত Predatory প্রাইসিং করা হচ্ছে বলে প্রতিয়মান হয়।

৬.২.৭ পার্শ্ববর্তী দেশে ভর্তুকি মূল্যে এলপিজি সরবরাহ করা হয়। আমাদের দেশে তা করা যায় কিনা তা বিবেচনায় নেওয়া দরকার। দাম সাধ্যের মধ্যে না হলে নিম্নবিত্তরা এলপিজি'র সুবিধা ভোগ করতে পারবে না।

**৬.৩ বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন:**

শুনানি এবং শুনানি-উত্তর মতামতে উল্লেখ করা হয় যে–

৬.৩.১ এলপিজি সিলিন্ডারসমূহ মেয়াদ উত্তীর্ণ কিনা সেটা যেন ভোক্তারা নিশ্চিত হতে পারে তার জন্য প্রতিটি সিলিন্ডারের গায়ে মেয়াদ সংবলিত স্টিকার লাগানোর ব্যবস্থা করা;

৬.৩.২ পানের দোকান ও মুদি দোকানেও সিলিন্ডার বিক্রি হচ্ছে যা নিরাপত্তার জন্য ঝুকিপূর্ণ;

৬.৩.৩ গ্রাহকপর্যায়ে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যে এলপিজি সরবরাহের জন্য ডিজিটাল পেমেন্ট সিস্টেম চালু করা;

৬.৩.৪ এলপিজি অপারেটরদের মধ্যে বাজার প্রতিযোগিতা তৈরির জন্য কমিশন কর্তৃক নির্ধারিত সরকারি এলপিজি'র মুল্যকে ফ্লোর প্রাইস এবং বেসরকারি এলপিজি'র মূল্যকে সিলিং প্রাইস হিসেবে নির্ধারণ করা;

৬.৩.৫ এলএনজি'র অনুরূপ এলপিজি আমদানির জন্য তৃতীয় পক্ষকে লাইসেন্স প্রদান করা;

৬.৩.৬ ডিস্ট্রিবিউটর ও রিটেইলারগণ কমিশনের লাইসেন্সী নয় বিধায় তাদের জন্য অপারেটর কর্তৃক দাবীকৃত অতিরিক্ত অর্থ বিবেচনায় না নেয়া;

৬.৩.৭ প্রতিটি সিলিন্ডার রিফিলের পর কমিশন অথবা বিএসটিআই এর কাছ থেকে ক্যাপ এর নতুন স্টিকার সংগ্রহপূর্বক সিল করা বাধ্যতামূলক করা;

৬.৩.৮ এলপিজি সিলিন্ডার সরবরাহের জন্য পৃথক লাইসেন্সী প্রতিষ্ঠান নিয়োগ করা;

৬.৩.৯ ভারতের বর্তমান ভর্তুকিবিহীন বাজার মূল্য ৮৭৫ রুপীকে কে বিবেচনায় নিয়ে মূল্য নির্ধারণ করা;

৬.৩.১০ এলপিজি অপারেটররা কমিশনের আইন ও নির্দেশনা না মানলে লাইসেন্স বাতিল করার বিধান রেখে আইন প্রণয়ন করা।

## ৬.৪ বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি):

শুনানিতে মতামত ব্যক্ত করা হয় যে-

৬.৪.১ কমিশন কর্তৃক ইতিপূর্বে এলপিজি'র যে মূল্য নির্ধারণ করা হয় তা এলপিজি কোম্পানিগুলো বাস্তবায়ন করেনি। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৫৫ ধারা মতে, কমিশনের সকল আদেশ চূড়ান্ত বলে গণ্য হবে। তাই যারা কমিশন নির্ধারিত এলপিজির মূল্যহার আদেশ বাস্তবায়ন করেনি তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। জ্বালানি খাতে এলপিজি'র গুরুত্ব অবশ্যম্ভাবী। এলপিজি এবং দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে মূল্য সহনীয় রাখতে হবে।

৬.৪.২ কমিশনের আদেশ অমান্য করায় কোম্পানিসমূহের বিরূদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করে সংশোধনের প্রস্তাব বিবেচনা করা যুক্তিযুক্ত হয়নি। জ্বালানির ক্ষেত্রে আমদানি নির্ভরতা কমাতে হবে। যদি ডিস্ট্রিবিউটররা নিজ ব্যয়ে এলপিজি পরিবহণ করে রিটেইলাদের নিকট পৌঁছে দেয় তবে বিদ্যমান রিটেইল চার্জ তাদের জন্য যথেষ্ট হবে।

৬.৪.৩ বড় জাহাজে করে এলপিজি আমদানি করা হলে জনগণকে সাশ্রয়ী মূল্যে তা সরবরাহ করা সম্ভব হবে। সরকারি কোম্পানি (এলপিজিএল) এর এলপিজি সিলিন্ডারের মূল্য তুলনামূলক কম হওয়ায় তা নিম্নবিত্ত মানুষকে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের প্রতি আহ্বান জানানো হয়।

**৬.৫ ড. এম.এম. আকাশ:**

শুনানিতে মতামত ব্যক্ত করা হয় যে–

৬.৫.১ প্রবিধানমালা অনুযায়ী যে পরিমাণ আয় দ্বারা স্বল্পতম ব্যয়ে সরবরাহ সম্ভব তাই রাজস্ব চাহিদা/এলপিজি'র মূল্য। কোম্পানীসমূহকে প্রবিধান অনুযায়ী চলতে হবে এবং প্রবিধান সকলকেই মানতে হবে। স্বল্পতম ব্যয়ে এলপিজি সরবরাহের চেষ্টা করতে হবে। এলপিজি'র ক্ষেত্রে Saudi CP'র বিষয়টি নিয়ন্ত্রণে না থাকলেও জাহাজ ভাড়া, রিটেইল মার্জিন, ব্যাংক লোনের সুদ এগুলো নিয়ন্ত্রণ করা সম্ভব। রিটেইলার মার্জিনসহ অন্যান্য খরচ প্রমাণসহ মূল্যায়ন কমিটির কাছে প্রস্তাব দিতে হবে। সকল কোম্পানীর অডিট রিপোর্ট নিয়ে ভারিত গড় করতে হবে। কোম্পানীসমূহ ৯% থেকে ১২% সুদের হার দাবি করেছে। অডিট রিপোর্টের ভিত্তিতে এবং বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট রেট থেকে সুদের হার নির্ণয় করতে হবে। আবেদনকারীকে অডিট রিপোর্ট দাখিল করতে হবে এবং বাস্তবতার সাথে তার তুলনা করে দেখতে হবে। আবেদনকারী যে সকল প্রস্তাব দাখিল করবেন দলিলাদির মাধ্যমে তার যৌক্তিকতা প্রমাণ করতে হবে। উৎসের মধ্যে ব্যত্যয় থাকলে বৈধ/অবৈধ উৎস কিনা তা যাচাই করে বের করতে হবে।

৬.৫.২ Objective Cost Price বের করতে objective data লাগবে। উভয়পক্ষের (কারিগরি মুল্যায়ন কমিটি ও ব্যবসায়ী) data source এ discrepancy থাকলে প্রয়োজনে বাজার যাচাইপূর্বক sampling করে cost নির্ধারণ করতে হবে। রিটেইলার মার্জিন একেক কোম্পানী একেক ভাবে দাবি করছে, এখানে অসঙ্গতি দূর করা প্রয়োজন। কোম্পানীসমূহ নিজেরাই রিটেইলার মার্জিন দাবি করছে।

৬.৫.৩ এলপিজি অপারেটরদের উচিত রিটেইলার এবং ডিস্ট্রিবিউটরদের পূর্ণ তালিকা কমিশনকে সরবরাহ করা। জাহাজের প্রকৃত ভাড়া নির্ধারণের জন্য ইনভয়েস জমা দিতে হবে। Unregulated free market এর চেয়ে regulated price বেশি দাবি করা হচ্ছে। সংবিধানে ব্যক্তিগত ব্যবসাকে সুনির্দিষ্ট বিধিবিধান অনুযায়ী পরিচালিত হওয়ার কথা বলা হয়েছে। তাই সবাইকে প্রবিধান মোতাবেক কার্যক্রম চালানোর বিষয়ে সম্মত হতে হবে।

**৬.৬ ড. শরীফ আশরাফুজ্জামান (কনসাল্ট্যান্ট, পেট্রোলিয়াম এন্ড রিসোর্সেস):**

শুনানিতে মতামত ব্যক্ত করা হয় যে–

৬.৬.১ সরকারি এলপিজি কোম্পানির সিলিন্ডার মূল্য ৫৯১ টাকা, বেসরকারি সিলিন্ডার গড়ে ১,১৫০ টাকায় বিক্রি হচ্ছে, অন্যদিকে পার্শ্ববর্তী দেশ ভারতে ৮৭৫ রুপীতে এলপিজি সিলিন্ডার বিক্রি হচ্ছে।

৬.৬.২ বাংলাদেশ বর্তমানে ২,৫০০-৩,০০০ টন ক্যাপাসিটির জাহাজে করে এলপিজি আনা হচ্ছে। ফলে পরিবহণ ব্যয় বেশি হচ্ছে। পার্শ্ববর্তী দেশ ভারতের ১ কোটি টন সক্ষমতার টার্মিনাল আছে। যদি ভারতের ন্যায় Cryogenic Condition এ বাল্ক আকারে বেশি পরিমাণ এলপিজি আমদানি করা হতো তাহলে পরিবহণ ব্যয় অনেকটাই হ্রাস পেত। ৫০,০০০ টনের জাহাজের মাধ্যমে এলপিজি আমদানি করা হলে পরিবহণ খরচ প্রতি টন ২০ টাকা থেকে ৩০ টাকা হ্রাস পেত।

৬.৬.৩ বর্তমানে আমাদের দেশে ১৪ শতাংশ মানুষ পাইপলাইনের প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে, প্রায় ১৭ শতাংশ মানুষ জীবাশ্ম জ্বালানি (কাঠ, ঘুটে ইত্যাদি) ব্যবহার করে। ৭০ শতাংশ মানুষ প্রাকৃতিক গ্যাসের আওতার বাইরে। প্রাকৃতিক গ্যাসের জন্য মাসে ৯৭৫ টাকা ব্যয় করতে হয়। ৫ জনের একটি পরিবারে গড়ে ২,০০০-২,৫০০ টাকা এলপিজি'র জন্য খরচ করতে হয়। অন্যদিকে যারা জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে, তাদের ৫ জনের একটি পরিবারে জ্বালানি বাবদ মাসে ব্যয় হয় প্রায় ৩,০০০ টাকা। এর ফলে একটি বৈষম্যের সৃষ্টি হচ্ছে। এলপিজি'র দাম কমাতে পারলে নিম্নবিত্তরা ব্যবহার করতে পারবে এবং এলপিজি'র মার্কেট শেয়ার অনেক বৃদ্ধি পাবে। তাছাড়া জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস পেলে বনাঞ্চল ধ্বংসের প্রবণতা কিছুটা হলেও কমবে।

৬.৭ **জনাব জোনায়েদ সাকী, প্রধান সমন্বয়ক, গণসংহতি আন্দোলন:**

শুনানিতে মতামত ব্যক্ত করা হয় যে-

৬.৭.১ কমিশন কর্তৃক যে দাম নির্ধারণ করা হয় তা বাস্তবায়ন করা জরুরী। এলপিজি একটি ইউটিলিটি। এক্ষেত্রে ইচ্ছামত মুনাফা করার সুযোগ নেই। এক্ষেত্রে সার্ভিস চার্জ/কমিশন নিয়ে ব্যবসা হবে এই মনমানসিকতা থাকতে হবে। কমিশনের উচিত হবে সেভাবেই মূল্য নির্ধারণ করা। বড় জাহাজে করে যাতে এলপিজি আমদানি করা যায় তার অবকাঠামো নির্মাণ করা সরকারের দায়িত্ব। ঐ অবকাঠামো নির্মিত না হওয়া পর্যন্ত বর্তমানে যেভাবে আনা হচ্ছে তা বিবেচনা করে যৌক্তিক মূল্য নির্ধারণ করা যেতে পারে। তাছাড়া পার্শ্ববর্তী দেশ ভারতের ন্যায় বাংলাদেশে পরিবার প্রতি মাসে একটি এলপিজি সিলিন্ডার ভর্তুকি মূল্যে দেওয়া যায় কিনা সে বিষয়ে কাজ করা যেতে পারে। মূল্য নির্ধারণের সময় Purchasing Power Parity দেখতে হবে।

৬.৮ **এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন, বাংলাদেশ:**

শুনানি ও শুনানি-পরবর্তী মতামতে উল্লেখ করা হয় যে,

৬.৮.১ কমিশন কর্তৃক প্রতিমাসে অটোগ্যাসের দাম পরিবর্তিত হওয়ার অটোগ্যাসের প্রতি গাড়ির মালিকদের আস্থা কমে যাচ্ছে। এজন্য বছরে একবার অটোগ্যাসের দাম পরিবর্তন করা;

৬.৮.২ পূর্ববর্তী মাসের Saudi CP'র পরিবর্তে মূল্য নির্ধারণে চলতি মাসের Saudi CP বিবেচনা করা।

৬.৮.৩ কমিশন কর্তৃক বিক্রয়মূল্য নির্ধারণে এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি বিবেচনা করা হয়েছে। রোড ট্যাংকারের মাধ্যমে অটোগ্যাস স্টেশনগুলোতে এবং অটোগ্যাস স্টেশন থেকে ডিস্পেন্সারের মাধ্যমে যানবাহনে অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে-এ উভয় পর্যায়ে অটোগ্যাস স্টেশনের ক্ষেত্রে সঠিক ঘনত্বের এলপি গ্যাস সরবরাহ যথাযথভাবে প্রতিপালিত করার জন্য সংযোজিত যন্ত্রপাতির ক্যালিব্রেশন, স্ট্যান্ডার্ডডাইজেশন ইত্যাদির জন্য উপযুক্ত সংস্থা সরকারি সংস্থাকে দায়িত্ব দেয়া;

৬.৮.৪ এলপিজি অটোগ্যাসের ওপর সরকারি মূল্য সংযোজন কর (মূসক) প্রত্যাহার করার অনুরোধ করা হয়েছে।

৬.৮.৫ বিপিসি'র অধীনস্ত ফিলিং স্টেশনে অটোগ্যাস স্থাপনে সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক দাবীকৃত কমিশন রহিত করার প্রস্তাব করা হয়েছে।

৬.৮.৬ অটোগ্যাসের মূল্যহার নির্ধারণের শুনানি পৃথকভাবে আয়োজন করা।

**৬.৯ খান আসাদুজ্জামান মাসুদ:**

কোম্পানিসমূহ কমিশন নির্ধারিত মূল্যে সিলিন্ডার সরবরাহ না করে কমিশনের আদেশ অমান্য করেছে। সরকার নিজস্ব উদ্যোগে বড় জাহাজে এলপিজি আমদানি করলে প্রতিষ্ঠানসমূহ এলপিজি সিলিন্ডারের মূল্য হ্রাসে বাধ্য হবে।

**৬.১০ জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি:**

ঔষধ ও পেট্রোলিয়ামজাত পদার্থের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে মূসক ৫% এবং সরবরাহ পর্যায়ে মূসক ২%। তিনি এলপিজি'র মূল্য নির্ধারণের ক্ষেত্রে ভ্যাটের উপর ভ্যাট গ্রহণ করা হচ্ছে কিনা পরীক্ষা করার জন্য কমিশনের দৃষ্টি আকর্ষণ করেন।

**৬.১১ মেসার্স আয়েশা খান এলপিজি অটো গ্যাস ফিলিং স্টেশন:**

আন্তর্জাতিক বাজারে Saudi CP উঠানামা করে বিধায় বাংলাদেশের বাজারে অটোগ্যাসের মূল্য স্থিতিশীল রাখতে Saudi CP ৫০০ মার্কিন ডলার পর্যন্ত, ৫০০-৬০০ মার্কিন ডলার, ৬০০-৭০০ মার্কিন ডলার এবং ৭০০ মার্কিন ডলারের উপরে হলে অটোগ্যাসের মূল্য প্রতি লিটার যথাক্রমে ৪৫ টাকা, ৪৭ টাকা, ৫০ টাকা এবং ৫২ টাকা নির্ধারণ করা যেতে পারে। বিষ্ফোরক পরিদপ্তরের অনুমোদনের জন্য অপারেটরের সাথে জ্বালানি সরবরাহের চুক্তি প্রয়োজন হয়। বিষয়টি রহিত করা প্রয়োজন। পদ্মা/মেঘনা/যমুনার যে কোনো ফিলিং স্টেশনে এলপিজি স্টেশন স্থাপন করতে গেলে সংশ্লিষ্ট ডিলারের অনুমোদন প্রয়োজন হয়। এক্ষেত্রে ডিলার নির্দিষ্ট কমিশন দাবী করছেন যা রহিত করা প্রয়োজন।

**৬.১২ শতক ফুয়েল স্টেশন:**

পূর্ববর্তী মাসের Saudi CP'র পরিবর্তে মূল্য নির্ধারণে বর্তমান মাসের Saudi CP বিবেচনা করা প্রয়োজন। প্রতি মাসে অটোগ্যাসের মূল্য পরিবর্তন হওয়ায় ভোক্তারা অটোগ্যাস ব্যবহারে নিরুৎসাহিত হচ্ছেন। বাজারে প্রচলিত অন্যান্য বিকল্প জ্বালানির মূল্য বিবেচনায় ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের বিক্রয়মূল্য ৪৫ টাকা নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে। অটোগ্যাসের ওপর সরকারি মূল্য সংযোজন কর (মূসক) প্রত্যাহার করার অনুরোধ করা হয়েছে। বিপিসি'র অধীনস্ত ফিলিং স্টেশনে অটোগ্যাস স্থাপনে সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক দাবীকৃত কমিশন রহিত করার প্রস্তাব করা হয়েছে। কমিশন কর্তৃক বিক্রয়মূল্য নির্ধারণে এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি বিবেচনা করা হয়েছে। রোড ট্যাংকারের মাধ্যমে অটোগ্যাস স্টেশনগুলোতে এবং অটোগ্যাস স্টেশন থেকে ডিস্পেন্সারের মাধ্যমে যানবাহনে অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে-এ উভয় পর্যায়ে আলোচ্য কারিগরি বিষয় যথাযথভাবে প্রতিপালিত করার জন্য সংযোজিত যন্ত্রপাতির ক্যালিব্রেশন, স্ট্যান্ডার্ডডাইজেশন ইত্যাদির জন্য উপযুক্ত সরকারি সংস্থাকে দায়িত্ব দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

**৬.১৩ ইউনিটেক্স এলপি গ্যাস লিমিটেড:**

ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা করা হয় তাই প্রফিট মার্জিন সুদের হারের থেকে বেশী হওয়া প্রয়োজন। TEC'র মূল্যায়নে অপারেটরের ৩০% ইনভেস্টমেন্ট ধরে হিসাব করা হয়েছে তবে, ব্যাংক থেকে যে ৭০% ঋণ নেয়া হয়েছে সেই ঋণের বিপরীতে নিরাপত্তা জামানতের investment value বিবেচনায় নেয়া হয়নি। ডিস্ট্রিবিউটর ও রিটেইলারের প্রফিট মার্জিন নির্ধারণে TEC, LOAB এবং CAB এর সদস্যদের সমন্বয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করে বাস্তবসম্মত Profit Margin নির্ধারণের অনুরোধ জানানো হয়েছে। Audit report এ সব তথ্য পাওয়া যায়না কারণ এখানে এক খরচের সাথে অন্য খরচ বা আয় সমন্বয় করে দেখানো হয়। এলপিজি অপারেটর কোম্পানিগুলোকে ৩টি Category করে সেখান থেকে ৩টা করে Standard কোম্পানির Audit Report কে Standard ধরে BERC প্রতিনিধি, TEC, LOAB এবং CAB এর প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করে আলোচনার মাধ্যমে দাম নির্ধারণের অনুরোধ জানানো হয়েছে। সিলিন্ডারের আয়ুষ্কাল ১০ বছরের বেশী থাকে না। যদি physically exist করে তাহলে এর সমপরিমাণ maintenance বাবদ খরচ হবে। প্ল্যান্ট ও মেশিনারিজ এর আয়ুষ্কাল TEC ৩০ বছর বিবেচনা করেছে কিন্তু মেশিন উৎপাদনকারী প্রতিষ্ঠান ১০ বছরের বেশী warranty ও guaranty দেয় না। ১০ বছর পর ওভারহেলিং ও মেইন্টেন্যান্স করতে হয়। জেটির (Jetty) আয়ুষ্কাল TEC ৫০ বছর বিবেচনা করেছে যা বাস্তবে ২০ বছরের বেশী ধরা উচিৎ নয়। একটা কোম্পানির বিনিয়োগ ২০ বছরের বেশী থাকে না। Security deposit এর উপর ৬% হারে সুদ আয় ধরা হয়েছে যা অবাস্তব। বাস্তবে সব সময় security deposit থাকে না এবং অনেক সিলিন্ডার scrap হয়ে যায় যার ক্ষতি consider করা হয়নি। যদি security money থাকেও তাহলে ১২ কেজি সিলিন্ডার প্রতি আয় হবে ৬০০*৫%=৩০ টাকা। আর ১ বছরে ৪ বার রিফিল হয়, সে হিসাবে ৩০/৪=৭.৫ টাকা হয়। ৬০ থেকে ৭০ ডলার জাহাজ ভাড়ায় যেসব এলপিজি import করা হয় তার মান ভালো থাকে না। এসকল সাপ্লায়ারদের commitment এবং credit rating ভালো না হবার কারণে ব্যাংক LC খুলতে চায়না। তাছাড়া সবসময় এরকম রেট সাপ্লায়াররা অফারও করেন না। এলপিজি'র ওপর সরকারি মূল্য সংযোজন কর (মূসক) মওকুফ করার অনুরোধ করা হয়েছে।

**৬.১৪ বেসরকারি লাইসেন্সীগণের সম্মিলিত মত:**

শুনানিতে এবং শুনানি-উত্তর লিখিত বক্তব্যে নিম্নরূপ মতামত ব্যক্ত করা হয়-

৬.১৪.১ TEC থেকে মূল্যহার পরিবর্তনের বিষয়ে যে প্রস্তাব/বক্তব্য উপস্থাপন করা হয়েছে তাতে লাইসেন্সীদের দাবীকৃত ২২৪ টাকা/১২ কেজি বৃদ্ধি দাবীর বিপরীতে মাত্র ৫৫.০০ টাকা বৃদ্ধির প্রস্তাব রয়েছে। প্রস্তাবিত ২২৪ টাকা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে একটি যৌক্তিক সর্বোচ্চ মূল্যহার নির্দিষ্ট করা;

৬.১৪.২ বেসরকারি এলপি গ্যাস শিল্পে সফল নেতৃত্ব দিয়েছেন এমন সম্মানিত ব্যাক্তির উপস্থিতি ও পরামর্শ শুনানিতে নিশ্চিত করতে পারলে এলপি গ্যাস শিল্পে বিনিয়োগ, উৎপাদন, পরিচালন এবং এর উপযোগিতা সম্পর্কে অধিকতর উত্তম নির্দেশনা পাওয়া যেতো;

৬.১৪.৩ বেসরকারি এলপি গ্যাস অপারেটরবৃন্দের পক্ষে আর্থিক ক্ষতি বহন করে এলপি গ্যাস সরবরাহ করা সম্ভব নয়। বরং সরকার এ খাতে মুনাফা করা থেকে বিরত থাকতে পারে এবং সাবসিডি দিতে পারে;

৬.১৪.৪ লাইসেন্সীগণ শুনানি পরবর্তী প্রস্তাবে মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় বাবদ ২৮৬ টাকা দাবী করেছে যা বিদ্যমান চার্জ থেকে ১৪৩ টাকা এবং TEC'র প্রস্তাবিত চার্জ থেকে ১০৫ টাকা বেশী, যা নিম্নের ছকে দেখানো হলো:

**সারণি-৬.১: লাইসেন্সীগণের বর্ধিত দাবীর (টাকা/১২ কেজি) তুলনামূলক বিবরণী**

| ক্রমিক নং | বিবরণ | বিদ্যমান চার্জ | TEC | লাইসেন্সী | বর্ধিত দাবী | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বিদ্যমান থেকে | TEC থেকে |
| ১ | ঋণের সুদ | ২৩ | ৩২ | ৩২ | ০৯ | ০০ |
| ২ | রিটার্ন অন ইক্যুইটি | ১৫ | ২৩ | ৫০ | ৩৫ | ২৭ |
| ৩ | ফ্যাক্টরি ওভারহেড | ২২ | ২২ | ২২ | ০ | ০ |
| ৪ | বিক্রয়-বিপণন, প্রশাসনিক ও সাধারণ ব্যয় | ৪৬ | ৫২ | ৯১ | ৪৫ | ৩৯ |
| ৫ | অবচয় | ৪২ | ৫৮ | ৭০ | ২৮ | ১২ |
| ৬ | কর্পোরেট ট্যাক্স | ৫ | ১০ | ২১ | ১৬ | ১১ |
| ৭ | **মোট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় (১+...+৬)** | **১৫৩** | **১৯৭** | **২৮৬** | **১৩৩** | **৮৯** |
| ৮ | (বিয়োগ) অন্যান্য আয় ও বাল্ক বিক্রয় বাবদ ব্যয় | ১০ | ১৬ | - | - | - |
| ৯ | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় (৭-৮)** | **১৪৩** | **১৮১** | **২৮৬** | **১৪৩** | **১০৫** |
| ১০ | ডিস্ট্রিবিউটরের চার্জ | ২৪ | ৩১ | ৫০ | ২৬ | ১৯ |
| ১১ | রিটেইলারের চার্জ | ২৭ | ৩৪ | ৮০ | ৫৩ | ৪৬ |
| ১২ | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়, ডিস্ট্রিবিউটরের ব্যয় এবং রিটেইলারের ব্যয় (৯+১০+১১)** | **১৯৪** | **২৪৬** | **৪১৬** | **২২২** | **১৭০** |

৬.১৪.৫ TEC এর মূল্যায়নে রিটার্ন অন ডেবট ও রিটার্ন অন ইক্যুইটি ৮% বিবেচনা করা হয়েছে। কিন্তু রিটার্ন অন ইক্যুইটি রিটার্ন অন ডেবট থেকে বেশী হওয়া প্রয়োজন, কারণ রিটার্ন অন ইক্যুইটিতে Opportunity Cost এবং রিস্ক ফ্যাক্টর বিবেচনা করতে হয়। ৯% এর নীচে কোনো interest rate নেই। ঋণের অন্যান্য processing charge ধরলে effective interest rate আরো বেশী হবে। এ কারণে প্রতি ১২ কেজি সিলিন্ডারের জন্য করপূর্ব মুনাফা ৭১.৩৪ টাকা ও কর-পরবর্তী মুনাফা ৫০ টাকা বিবেচনা করা;

৬.১৪.৬ লাইসেন্সীগণের মোট বিক্রয় থেকে বিভিন্ন খরচ ব্যয় হয় যেমন, incentive, rebate, discounts ইত্যাদি। এছাড়া এই incentive এর মধ্যে ডিস্ট্রিবিউটরদেরকে দেয়া transport incentive অন্তর্ভুক্ত যা রিফিল সিলিন্ডার প্ল্যান্ট থেকে ডিস্ট্রিবিউটরের মজুদাগারে নিয়ে যাওয়ার জন্য দেয়া হয়ে থাকে। তাই এ খাতে transportation expense হিসেবে অতিরিক্ত ৩৯ টাকাসহ মোট ৯১ টাকা দাবী করা;

৬.১৪.৭ TEC এর মূল্যায়নে সিলিন্ডারের ব্যবহার্য আয়ুষ্কাল ১৫ বছর বিবেচনা করা হয়েছে কিন্তু বিস্ফোরক পরিদপ্তরের প্রজ্ঞাপন অনুযায়ী সিলিন্ডারের আয়ুষ্কাল ১০ বছর হলে তা requalification test করাতে হবে। যার ব্যয় সিলিন্ডারপ্রতি ৫০০ টাকা। এছাড়া প্রতি ৪ থেকে ৫ বছর পর পর রঙ করতে হয়, যার ব্যয় সিলিন্ডার প্রতি ৩৫০ টাকা। সিলিন্ডারের ভাল্ব পাল্টাতে হলে অতিরিক্ত ২৭৫ টাকা প্রয়োজন হয়। HR Coil এর আন্তর্জাতিক বাজার মূল্য বৃদ্ধির কারণে সিলিন্ডার প্রতি ব্যয়ও ১,০০০ টাকা বেড়েছে। তাই অবচয় খাতে প্রতি ১২ কেজির জন্য ৭০ টাকা দাবী করা;

৬.১৪.৮ অন্যান্য আয় বলতে মূলত scrap sale, sphere tank rental, transport cost recovery ইত্যাদি বুঝায়। কিন্তু সকল লাইসেন্সীর এরকম আয়ের সুযোগ থাকে না। সিলিন্ডারের জামানতের অর্থ পরবর্তীতে ভর্তুকি মূল্যে নতুন সিলিন্ডার সরবরাহে ব্যবহার করা হয় বলে জামানতের অর্থের FDR এর সুদ আয় এবং অন্যান্য আয় কে বিবেচনা না করার অনুরোধ করা;

৬.১৪.৯ ডিস্ট্রিবিউটরদের এলপিজি ব্যবসায় আকৃষ্ট করতে ও ধরে রাখতে ডিস্ট্রিবিউটরের চার্জ প্রতি ১২ কেজি সিলিন্ডারের জন্য ৫০ টাকা নির্ধারণের অনুরোধ করা;

৬.১৪.১০ রিটেইলারের চার্জ প্রতি ১২ কেজি সিলিন্ডারের জন্য ৮০ টাকা নির্ধারণের অনুরোধ করা;

৬.১৪.১১ Saudi CP এর সাথে জাহাজভাড়া ও প্রিমিয়াম ব্যয়কেও variable বিবেচনা করার অনুরোধ করা;

৬.১৪.১২ যে মাসের এলপিজি'র মূল্য ঘোষণা করা হবে সে মাসের বিদ্যমান Saudi CP'র ওপর ভিত্তি করে এলপিজি'র সর্বোচ্চ বিক্রয়মূল্য নির্ধারণ করা; অটোগ্যাসের মূল্য প্রতি মাসে সমন্বয়ের পরিবর্তে একটা নির্দিষ্ট সময়ের জন্য নির্ধারণ করা, অটোগ্যাসের মজুতকরণ ব্যয় নির্ধারণের ক্ষেত্রে বোতলজাতকৃত এলপিজি'র মজুতকরণ ব্যয় থেকে শুধুমাত্র সিলিন্ডাররের অবচয় ব্যয় বাদ দিয়ে অবশিষ্ট মজুতকরণ ব্যয়ের সম্পূর্ণ অংশ বিবেচনা করা, রোড ট্যাঙ্কারের fuel cost, repair maintenance, road toll, registration, incidental expense, ড্রাইভার ও হেল্পারের বেতন ইত্যাদির বার্ষিক খরচ প্রায় ৩.৪ মিলিয়ন টাকা বিবেচনায় অটোগ্যাসের ক্ষেত্রে পরিবহণ চার্জ ২.৫১ টাকা/লিটার নির্ধারণ করা, রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত এলপিজি'র ক্ষেত্রে ডিস্ট্রিবিউটরের পয়েন্ট থেকে ভোক্তাপর্যায়ে পর্যন্ত পরিবহণ চার্জ, প্রত্যেক বাসায় বিলিং চার্জ, নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ চার্জ ইত্যাদি বাবদ প্রতি কেজি এলপিজিতে ১০ টাকা সার্ভিস চার্জ বিবেচনা করার অনুরোধ করা;

৬.১৪.১৩ এলপিজি'র ওপর সরকারি মূল্য সংযোজন কর (মূসক) এবং শিল্প কারখানায় এলপি গ্যাস সরবরাহের ক্ষেত্রে সকল ধরনের মূসক এবং কর মওকুফ করা।

**৭.০ কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ:**

৭.১ শুনানি এবং শুনানি-উত্তর মতামতে এলপিজিকে মূসক হতে অব্যাহতি দেয়া, এলপিজি'তে ভর্তুকি প্রদান করা, এলপিজি নীতিমালাসমূহ বাতিল করা, এলপিজি ব্যবসা পরিচালনার ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে এলপিজি অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ (LOAB) এর সদস্যপদ গ্রহণের বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের পরিপত্র বাতিল করা, এলপিজিএল কর্তৃক সরবরাহকৃত সরকারি এলপিজি বস্তিবাসী ও স্ট্রীট-ফুড ভেন্ডরদের মধ্যে বিতরণ করা ইত্যাদি বিষয়ে বক্তব্য এসেছে। এসকল বিষয় সরকারের নীতি নির্ধারণ সংশ্লিষ্ট, কোনো কোনো ক্ষেত্রে আইন, বিধি প্রণয়ন ও প্রক্রিয়া সম্পৃক্ত এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা সংশ্লিষ্ট।

৭.২ চলতি মাসের Saudi CP'র ভিত্তিতে চলতি মাসের জন্য বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্যহার পুনঃনির্ধারণ/পরিবর্তনের বিষয়ে শুনানিতে বক্তব্য এসেছে। এর যুক্তি হিসেবে Saudi CP'র বড় ধরনের তারতম্য হলে এলপিজি'র সম্ভাব্য মূল্য সম্পর্কে আগাম তথ্য জানতে/বুঝতে পারায় এলপিজি'র বাজারে অস্থিতিশীলতা সৃষ্টি তথা পরবর্তী মাসে দাম বৃদ্ধির সম্ভাবনা থাকলে চলতি মাসে অধিক এলপিজি ক্রয়ের এবং পরবর্তী মাসে দাম হ্রাসের সম্ভাবনা থাকলে চলতি মাসে এলপিজি বিক্রির পরিমাণ হ্রাস পাওয়ার বিষয় উল্লেখ করা হয়। এ প্রস্তাবে কমিশনের কোনো দ্বিমত নেই। বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর অনুচ্ছেদ ৮.৬ এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক এক্ষেত্রে প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে চলতি মাসের Saudi CP অনুযায়ী মাসভিত্তিক সমন্বয়কৃত মূল্য কার্যকর করা হবে। এর ব্যতিক্রম ঘটলে তা পূর্বে অবহিত করা হবে।

৭.৩ আইনী বিবেচনায় আদেশ সংশোধনের প্রস্তাব আমল অযোগ্য এবং এখতিয়ার বহির্ভূতভাবে তা আমলে নিয়ে বিইআরসি শুনানি করার বিষয়ে শুনানিতে বক্তব্য এসেছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৬) অনুযায়ী কমিশনে প্রাপ্ত প্রস্তাবসমূহ মূলত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের প্রস্তাব (Proposal for Revision of Tariff)। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী মূল্যহার পরিবর্তনের প্রস্তাব কমিশনে দাখিল করা লাইসেন্সীর আইনগত অধিকার এবং প্রাপ্ত প্রস্তাব শুনানিঅন্তে নিষ্পত্তি করা কমিশনের আইনী এখতিয়ার। রীট পিটিশন নম্বর-৫৭৬৩/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০২১ তারিখে প্রদত্ত রুল এবং আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের নোটিশের কার্যকারিতা ০৩ (তিন) মাসের জন্য স্থগিতের বিষয়ে কমিশন সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নম্বর-১৭২২/২০২১ দায়ের করে। এর পরিপ্রেক্ষিতে মহামান্য আপীল বিভাগের চেম্বার জজ আদালত কর্তৃক ২৬ আগস্ট ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে শুনানিঅন্তে মহামান্য হাইকোর্ট বিভাগের ১২ আগস্ট ২০২১ তারিখের আদেশ ০৬ (ছয়) সপ্তাহের জন্য স্থগিত করেন। এরই ধারাবাহিকতায় কমিশন কর্তৃক আইনানুগভাবেই ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের বিষয়ে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণ করা হয়। সুতরাং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৩৪(৬) ধারামতে দাখিলকৃত আবেদন/প্রস্তাবসমূহ কমিশন আইনানুগভাবেই নিষ্পত্তির ব্যবস্থা করেছে।

৭.৪ মূল্যহার কার্যকরের ৩০ কার্যদিবসের মধ্যে মূল্যহার সংশোধনের প্রস্তাব করা হয়নি মর্মে শুনানি এবং শুনানি-উত্তর মতামতে বক্তব্য এসেছে। এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ করে কমিশন কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ জারী করা হয়েছে। সেসাথে উক্ত আদেশের অনুচ্ছেদ ৮.৬ অনুসারে মে থেকে আগস্ট ২০২১ পর্যন্ত সময়ে প্রতি মাসেই মূল্য সমন্বয়করতঃ আদেশ জারি করা হয়েছে। সুতরাং লাইসেন্সী কর্তৃক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৩৪(৬) ধারামতে দাখিলকৃত আবেদন/প্রস্তাবসমূহ আইন ও প্রবিধানমতেই গৃহীত হয়েছে।

৭.৫ কমিশন কর্তৃক নির্ধারিত এবং পরবর্তীতে সমন্বয়কৃত কোন মূল্যহারই কার্যকর হয়নি এবং এ বিষয়টি বিইআরসি ও উচ্চ আদালতে নিষ্পত্তির অপেক্ষায় মর্মে বক্তব্য এসেছে। কমিশন কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে সরকারি/বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়েছে। পরবর্তীতে উক্ত আদেশের অনুচ্ছেদ ৮.৬ অনুসারে বেসরকারি এলপিজি'র মূল্য ৫ (পাঁচ) বার সমন্বয় করা হয়। বিইআরসি'র আদেশ না মানার বিষয়ে কারো নিকট থেকে কোনো সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায়নি। কমিশনে প্রাপ্ত পত্র এবং পত্র-পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে এলপিজি বিক্রয়ের বাস্তব অবস্থা, মে থেকে জুলাই ২০২১ মাসে এলপিজির বিক্রয়মূল্য যাচাইকরণ এবং এলপিজি বিক্রেতাগণের মজুদাগারের/বিক্রেতাদের বিইআরসি'র লাইসেন্স রয়েছে কিনা তা যাচাই-বাছাই অন্তে প্রতিবেদন দাখিলের নিমিত্ত কমিশন কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে। কমিটি'র প্রতিবেদন প্রাপ্তির পর এ বিষয়ে যথাযথ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

৭.৬ মূল্যহার সংশ্লিষ্ট চার্জসমূহের যথার্থতা যাচাইয়ের জন্য যথাযথ তথ্য প্রমাণ পাওয়া যায়নি উল্লেখপূর্বক বিদ্যমান মূল্যহার পরিবর্তন না করার বক্তব্য এসেছে। বেসরকারি লাইসেন্সীগণ কর্তৃক ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের জন্য কমিশনে প্রস্তাব দাখিলের পর প্রস্তাবকারি ১৬টি লাইসেন্সীর নিরীক্ষিত হিসাব বিবরণী, ১৪টি লাইসেন্সীর এলপিজি আমদানি ও জাহাজভাড়া সম্পর্কিত তথ্যাদি, ১৭টি প্রস্তাবকারী লাইসেন্সীর এলপিজি আমদানি ও বিক্রয়ের পরিমাণ এবং ০৯ টি লাইসেন্সীর দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি ঋণের সুদের হার সম্পর্কিত দলিলাদি কমিশনে পাওয়া গিয়েছে।

৭.৭ সরবরাহ সক্ষমতা বৃদ্ধি দ্বারা সরবরাহ ব্যয় হ্রাসের লক্ষ্যে মূল্যহারভুক্ত চার্জসমূহ বৃদ্ধি অনুৎসাহিত করার বিষয়ে বক্তব্য এসেছে। যে কোনো ব্যবসা/বিনিয়োগে ঝুঁকি এবং অনিশ্চয়তা বিদ্যমান। কোনো বিনিয়োগই সূচনালগ্নে উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহারসহ মুনাফা অর্জন হয় না। দেশের এলপিজি একটি সম্প্রসারমান ব্যবসা। এ ব্যবসাটি পরিপৃক্তি (saturation) পর্যায়ে পৌঁছাতে কিছুটা সময় প্রয়োজন। এ বিষয়টি বিবেচনায় যৌক্তিক মূল্যহার নির্ধারণের নিমিত্ত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণের প্রতি ইউনিট এলপিজি উৎপাদন ও সরবরাহের ভারিত গড় ব্যয় বিবেচনায় ট্যারিফ (মূল্যহার) পুনঃনির্ধারণ করা যথাযথ।

৭.৮ এলপিজি ও অটোগ্যাস সরবরাহ ব্যবসায় বিভিন্ন পর্যায়ের লাইসেন্সীগণের চার্জ ভিন্ন ভিন্ন প্রবিধান দ্বারা নির্ধারণের বিষয়ে শুনানি ও শুনানি-পরবর্তী মতামতে বক্তব্য এসেছে। এলপিজিসহ পেট্রোলিয়ামজাত পদার্থের ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ সংক্রান্ত কমিশন কর্তৃক প্রণীত খসড়া (ক) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন পেট্রোলিয়ামজাত পদার্থের খুচরা ট্যারিফ প্রবিধানমালা-২০১২; (খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন পেট্রোলিয়ামজাত পদার্থ মজুতকরণ, বিপণন ও বিতরণ ট্যারিফ প্রবিধানমালা, ২০১২ এবং (গ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়ামজাত পদার্থ পরিবহণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১২ এ বর্ণিত পদ্ধতি অনুসরণে এলপিজি এবং অটোগ্যাসের জন্য পৃথকভাবে ট্যারিফ (মূল্যহার) পুনঃনির্ধারণ বিবেচনা করা হয়েছে। প্রবিধানমালাসমূহ চূড়ান্তকরণের উদ্যোগ অব্যাহত আছে।

৭.৯ সকল পর্যায়ের লাইসেন্সীদের ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিত করার বিষয়ে শুনানি এবং শুনানি পরবর্তী মতামতে বক্তব্য এসেছে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

৭.১০ বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের থেকে সরকারি এলপিজি'র ডিস্ট্রিবিউটর ও রিটেইলারের চার্জ বেশী হওয়ায় শুনানি ও শুনানি-পরবর্তী মতামতে তা পরিবর্তনের প্রস্তাব এসেছে। বর্ণিত চার্জসমূহ এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) কর্তৃক দাখিলকৃত দলিলাদি মূল্যায়ন করে নির্ধারণ করা হয়েছে। অধিকন্তু, এলপিজিএল ট্যারিফ (মুল্যহার) পরিবর্তনের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৬) মতে কমিশনে কোনো প্রস্তাব দাখিল করেনি।

৭.১১ লাইসেন্সীগণের আবেদন ও শুনানিতে উপস্থাপিত বক্তব্যে লাইসেন্সীদের মধ্যে প্রতিযোগিতা আইন, ২০১২ এ উল্লিখিত Collusion রয়েছে মর্মে শুনানিতে এবং শুনানি-পরবর্তী মতামতে বক্তব্য এসেছে। কমিশন বিষয়টি যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.১২ লাইসেন্সীগণের প্রস্তাবে প্রতি ১২ কেজি এলপিজি'র মূল্যের চেয়ে বর্তমান বাজার মূল্য কম হওয়ায় প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী Predatory প্রাইসিং করা হচ্ছে মর্মে শুনানি এবং শুনানি পরবর্তী মতামতে বক্তব্য এসেছে। কমিশন এক্ষেত্রে আইন ও প্রবিধান অনুসরণ করে এবং নির্ধারিত ফর্মূলা, প্রাপ্ত দলিলাদি ও তথ্যাবলীর ভিত্তিতে মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করে থাকে।

৭.১৩ ডিস্ট্রিবিউটরগণ এখনও কমিশনের লাইসেন্সী না হওয়ায় এবং রিটেইলারগণ কমিশনের লাইসেন্সী নয় বিধায় তাদের জন্য এলপিজি অপারেটর কর্তৃক দাবীকৃত অতিরিক্ত চার্জ বিবেচনায় না নেয়ার বিষয়ে শুনানি এবং শুনানি উত্তর মতামতে বক্তব্য এসেছে। বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণের ক্ষেত্রে কমিশন কর্তৃক অনুসৃত প্রবিধানের ফর্মূলায় ডিস্ট্রিবিউটর এবং রিটেইলারের চার্জ দু'টি গুরুত্বপূর্ণ component। সুতরাং লাইসেন্সী হিসেবে কোনো ডিস্ট্রিবিউটরের প্রস্তাবের অবর্তমানে Sampling Survey'র মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যথাযথ এবং যৌক্তিকভাবে ডিস্ট্রিবিউটরের চার্জ এবং রিটেইলারের চার্জ পুনঃনির্ধারণ করা সমীচীন।

৭.১৪ শুনানি এবং শুনানি-উত্তর মতামতে বেসরকারি এলপিজি'র পরিবহণের জাহাজভাড়া ও প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ৬৯ মার্কিন ডলার বিবেচনা করা এবং প্রাপ্ত Commercial Invoice এর ভিত্তিতে ভারিত গড় হিসেবে জাহাজভাড়া এবং প্রিমিয়াম চার্জ নির্ধারণ করার বিষয়ে বক্তব্য এসেছে। বিভিন্ন লাইসেন্সী কর্তৃক এলপিজি আমদানির জাহাজভাড়া ও প্রিমিয়াম ব্যয়ের ভিন্নতা বিবেচনায় কমিশনে ইতিমধ্যে জানুয়ারি হতে আগস্ট ২০২১ সময়ের প্রাপ্ত Commercial Invoice সমূহের জাহাজভাড়া ও প্রিমিয়াম ব্যয়ের ভারিত গড় প্রতি টন ৯৫.৩২ মার্কিন ডলার হওয়ায় বিদ্যমান জাহাজভাড়া ও প্রিমিয়াম ব্যয় গড়ে প্রতি টন ৯৫ মার্কিন ডলার অপরিবর্তিত রাখা যাথাযথ।

৭.১৫ Saudi Contract Price (Saudi CP) এর সাথে জাহাজ ভাড়া ও প্রিমিয়াম ব্যয়কে variable হিসেবে বিবেচনা করার বিষয়ে শুনানি এবং শুনানি-উত্তর মতামতে বক্তব্য এসেছে। বেসরকারি লাইসেন্সীসমূহ হতে প্রাপ্ত Commercial Invoice সমূহের ভারিত গড় হিসেবে জাহাজভাড়া নির্ধারিত হয় বিধায় ভবিষ্যতে প্রতি মাসের ০১ তারিখে প্রত্যেকটি এলপিজি আমদানিকারি কোম্পানির Commercial Invoice কমিশনে দাখিল করা হলে জাহাজভাড়া ও প্রিমিয়াম ব্যয়কে variable হিসেবে বিবেচনা করার বিষয়টি প্রতি মাসের মূল্য সমন্বয়কালে বিবেচিত হতে পারে।

৭.১৬ অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে বিবেচিত Specific Gravity যথাযথভাবে প্রতিপালন নিশ্চিতকরণে সংযোজিত যন্ত্রপাতির ক্যালিব্রেশন, স্ট্যান্ডার্ডাইজেশন ইত্যাদির জন্য উপযুক্ত সরকারি সংস্থাকে দায়িত্ব দেয়ার বিষয়ে শুনানি এবং শুনানি-উত্তর মতামতে বক্তব্য এসেছে। অটোগ্যাসের বিক্রয়মূল্য নির্ধারণে এলপিজি'র আন্তর্জাতিকভাবে স্বীকৃত Specific Gravity বিবেচনা করা হয়েছে। অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে উল্লিখিত কারিগরি বিষয়সমূহের প্রতিপালন নিশ্চিতকরণের দায়িত্ব সংশ্লিষ্ট সংস্থার।

৭.১৭ শুনানিতে ড. এম. এম. আকাশ কর্তৃক উপস্থাপিত বক্তব্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, প্রবিধানমালাসমূহ এবং এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ সম্পর্কিত ফর্মূলার সাথে সামঞ্জস্যপূর্ণ।

৭.১৮ **রাজস্ব চাহিদা নিরূপণের ক্ষেত্রে:-**

৭.১৮.১ এলপিজিসহ পেট্রোলিয়ামজাত পদার্থের ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ সংক্রান্ত ২০১২ সালে কমিশন কর্তৃক প্রণীত (ক) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন পেট্রোলিয়ামজাত পদার্থের খুচরা ট্যারিফ প্রবিধানমালা-২০১২; (খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন পেট্রোলিয়ামজাত পদার্থ মজুতকরণ, বিপণন ও বিতরণ ট্যারিফ প্রবিধানমালা, ২০১২ এবং (গ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়ামজাত পদার্থ পরিবহন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১২ এ বর্ণিত পদ্ধতি অনুসরণে রেট বেজ নিরূপণ করা এবং রিটার্ন অন ডেবট (ঋণের সুদ) ও রিটার্ন অন ইক্যুইটির ভারিত গড় হিসেবে রেট বেজের ওপর রিটার্ন নিরূপণ করা যথাযথ।

৭.১৮.২ শুনানি-পরবর্তী সময়ে প্রাপ্ত তথ্যাদি ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ঋণের সুদের হার পর্যালোচনায় ঋণের সুদের হার ৯% এবং বাংলাদেশ ব্যাংকের দীর্ঘমেয়াদী (১০ বছর) ট্রেজারী বন্ডের সর্বশেষ সুদের হার ৫.৬৫% (আগস্ট ২০২১) ও বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের আমানতের সুদের হার ৫.৫০% হিসেবে রিস্ক প্রিমিয়ামসহ রিটার্ন অন ইক্যুইটি ৮% বিবেচনা করা যথাযথ।

৭.১৮.৩ একাধিক/কতিপয় বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীর নিরীক্ষিত হিসাব প্রতিবেদনের অবচয়ের হার পর্যালোচনান্তে স্টিলের সিলিন্ডারের ব্যবহার্য আয়ুস্কাল ১৫ (পনেরো) বছর এবং কম্পোজিট সিলিন্ডারের ব্যবহার্য আয়ুস্কাল ৩০ (তিরিশ) বছর; বিল্ডিং, প্ল্যান্ট ও মেশিনারীজ, জেটি ও পন্টুন এবং বার্জ এর ক্ষেত্রে ব্যবহার্য আয়ুস্কাল ৩০ (ত্রিশ) বছর; মটর ভেহিক্যাল, অফিস ইকুইপমেন্ট এবং ফার্ণিচার এর ব্যবহার্য আয়ুস্কাল ১০ (দশ) বছর বিবেচনায় প্রবিধান অনুযায়ী স্ট্রেইট লাইন পদ্ধতিতে একাউন্টিং অবচয় ধার্য করা যথাযথ।

৭.১৮.৪ সিলিন্ডারের বিপরীতে জমাকৃত/প্রাপ্ত অর্থের ওপর ৫.৫০% হারে প্রাপ্ত সুদকে প্রবিধান অনুযায়ী আয় হিসেবে অন্যান্য আয়ের মধ্যে অন্তর্ভুক্ত করা এবং ট্যারিফ নির্ধারণ পদ্ধতি অনুসারে বিভিন্ন খাত হতে প্রাপ্ত অন্যান্য আয় রাজস্ব চাহিদা নিরূপণে বিবেচনায় নেয়া সঠিক।

৭.১৮.৫ রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে বেসরকারি এলপিজি সরবরাহের ক্ষেত্রে ডিলার/রিটেইলারের সংশ্লিষ্টতা না থাকায় রিটেইলারের ব্যয় অন্তর্ভুক্ত না করা এবং রেটিকুলেটেড সিস্টেমের ব্যয় নির্বাহে ডিস্ট্রিবিউটরের ব্যয় অন্তর্ভুক্ত করা যথাযথ।

৭.১৮.৬ চলতি মাসের Saudi CP'র ভিত্তিতে অটোগ্যাসের মূল্যহার পরিবর্তনসহ মাসভিত্তিতে মূল্য সমন্বয় করা, পূর্ব নির্ধারিত ফর্মূলা অনুযায়ী অটোগ্যাসের ক্ষেত্রে এলপিজি মজুতকরণ চার্জ বিবেচনা করা, অটোগ্যাসের পরিবহন চার্জ এবং স্টেশন চার্জ অপরিবর্তিত রাখা যথাযথ।

## ৮.০ রাজস্ব চাহিদা নিরূপণ:

৮.১ বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের প্রস্তাব, কারিগরি মূল্যায়ন কমিটি'র মূল্যায়ন প্রতিবেদন, শুনানিতে লাইসেন্সীগণ এবং স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণ কর্তৃক উপস্থাপিত তথ্য ও দলিলাদি এবং উপর্যুক্ত পর্যালোচনা ও বিশ্লেষণের ভিত্তিতে কমিশনের মূল্যায়নে এলপিজি এবং অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে ধার্যকৃত রাজস্ব চাহিদা নিম্নে বর্ণিত সারণিসমূহে উপস্থাপন করা হলো:

৮.২ বেসরকারি এলপিজি লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন পরবর্তী পৃষ্ঠার সারণি-৮.১ এ উল্লেখ করা হলো:

**সারণি-৮.১: বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী কর্তৃক রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত এলপিজি'র ব্যয়/রাজস্ব চাহিদা**

**(অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

| ক্রমিক নং | | বিবরণ | পরিমাণ (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৬৮.১৬ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম ব্যয় | ৮.১৩ |
| | ৩ | অন্যান্য ব্যয়[২] | ০.৫৪ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৭৬.৮৩** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়[৩] | ১৫.৪৯ |
| গ | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | **৯২.৩২** |
| ঘ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ে মূসক[৪] | ৪.৬২ |
| ঙ | | ব্যবসায়ী পর্যায়ে মূসক[৫] | ১.৯৭ |
| চ | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-উত্তর (গ+ঘ+ঙ)** | **৯৮.৯১** |
| ছ | | ডিস্ট্রিবিউটরের ব্যয়[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ২.৮৪ |
| জ | | রিটেইলারের ব্যয়[৭] | ৩.১৭ |
| ঝ | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সরবরাহ ব্যয়/রাজস্ব চাহিদা [চ+ছ+জ]** | **১০৪.৯২** |

[১]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[২]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৩]বিস্তারিত সারণি-৮.১.১ এ উল্লেখ করা হয়েছে।

[৪]এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব এর ওপর ৫% হারে, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৫]ব্যবসায়ী পর্যায়ে সরবরাহ মূল্য ৯৮.৩৩ টাকার (ইমপোর্ট প্যারিটি প্রাইস, এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়, ডিস্ট্রিবিউটরের ব্যয় এবং ডিলার/রিটেইলারের ব্যয়ের সমষ্টি) ওপর ২% হারে।

[৬]বিস্তারিত সারণি-৮.১.২ এ উল্লেখ করা হয়েছে।

[৭]বিস্তারিত সারণি-৮.১.৩ এ উল্লেখ করা হয়েছে।

৮.২.১ বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের ২০২১-২২ অর্থবছরের এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৮.১.১ এ উল্লেখ করা হলো:

**সারণি-৮.১.১: বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১-২২ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিচালন ও রক্ষণাবেক্ষণ [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)] | ৪৮০.১২ মিলিয়ন টাকা |
| ২ | অবচয় | ৩৭২.১৪ মিলিয়ন টাকা |
| ৩ | রিটার্ন অন রেট বেজ | ৩৭৯.৩০ মিলিয়ন টাকা |
| ৪ | কর্পোরেট ইনকাম ট্যাক্স | ৬৩.৩১ মিলিয়ন টাকা |
| **৫** | **মোট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদা (১+...+৪)** | **১,২৯৪.৮৭ মিলিয়ন টাকা** |
| ৬ | (বিয়োগ) অন্যান্য আয় এবং বাল্ক এলপিজি সরবরাহজনিত ব্যয় সমন্বয় | ১০১.৬৮ মিলিয়ন টাকা |
| **৭** | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদা (৫-৬)** | **১,১৯৩.১৯ মিলিয়ন টাকা** |
| ৮ | বার্ষিক এলপিজি বিক্রয়ের পরিমাণ | ৭৭.০৩ মিলিয়ন কেজি |
| **৯** | **নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদা [৭÷৮]** | **১৫.৪৯ টাকা/কেজি** |

বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণের ২০২১-২২ অর্থবছরের নীট মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়/রাজস্ব চাহিদা ১৫.৪৯ টাকা/কেজি বা প্রায় ১৮৬ টাকা/১২ কেজি সিলিন্ডার।

৮.২.২ বেসরকারি এলপিজি ডিস্ট্রিবিউটরের ২০২১-২২ অর্থবছরের ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৮.১.২ এ উল্লেখ করা হলো:

**সারণি-৮.১.২: বেসরকারি এলপিজি ডিস্ট্রিবিউটরের ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১-২২ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ১.৬৬২ মিলিয়ন টাকা |
| ২ | অবচয় | ০.২৮৭ মিলিয়ন টাকা |
| ৩ | রিটার্ন অন রেট বেজ | ০.৩৯৯ মিলিয়ন টাকা |
| **৪** | **ডিস্ট্রিবিউটরের মোট ব্যয়/রাজস্ব চাহিদা (১+২+৩)** | **২.৩৪৮ মিলিয়ন টাকা** |
| ৫ | বার্ষিক এলপিজি বিক্রয়ের পরিমাণ | ০.৮২৭ মিলিয়ন কেজি |
| **৬** | **ডিস্ট্রিবিউটরের ব্যয় [৪÷৫]** | **২.৮৪ টাকা/কেজি** |

এলপিজি ডিস্ট্রিবিউটরের ব্যয়/রাজস্ব চাহিদা ২.৮৪ টাকা/কেজি বা প্রায় ৩৪.০০ টাকা/১২ কেজি সিলিন্ডার।

৮.২.৩ বেসরকারি এলপিজি রিটেইলারের ২০২১-২২ অর্থবছরের ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৮.১.৩ এ উল্লেখ করা হলো:

**সারণি-৮.১.৩: বেসরকারি এলপিজি রিটেইলারের ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১-২২ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় | ২০১.৩৭৮ হাজার টাকা |
| ২ | অবচয় | ২.৩৭৭ হাজার টাকা |
| ৩ | রিটার্ন অন রেট বেজ | ৩১.৭১৩ হাজার টাকা |
| ৪ | **ডিস্ট্রিবিউটরের মোট ব্যয়/রাজস্ব চাহিদা (১+২+৩)** | **২৩৫.৪৬৮ হাজার টাকা** |
| ৫ | বার্ষিক এলপিজি বিক্রয়ের পরিমাণ | ৭৪.১৭৬ হাজার কেজি |
| ৬ | **ডিস্ট্রিবিউটরের ব্যয় [৪÷৫]** | **৩.১৭ টাকা/কেজি** |

এলপিজি ডিস্ট্রিবিউটরের ব্যয়/রাজস্ব চাহিদা ৩.১৭ টাকা/কেজি বা প্রায় ৩৮.০০ টাকা/১২ কেজি সিলিন্ডার।

৮.৩ রেটিকুলেটেড পদ্ধতিতে বেসরকারি এলপিজি লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৮.২ এ উল্লেখ করা হলো:

**সারণি:-৮.২ রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ব্যয়/রাজস্ব চাহিদা**
**(অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

| ক্রমিক নং | বিবরণ | | সমন্বয়কৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | (টাকা/কেজি) | টাকা/লিটার (গ্যাসীয় অবস্থায়) |
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৬৮.১৬ | ০.১৫১৪ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম ব্যয় | ৮.১৩ | ০.০১৮১ |
| | ৩ | অন্যান্য ব্যয়[২] | ০.৫৪ | ০.০০১২ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | ৭৬.৮৩ | **০.১৭০৭** |
| খ | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয় | | ১৫.৪৯ | ০.০৩৪৪ |
| গ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | | **৯২.৩২** | **০.২০৫১** |
| | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ে মূসক[৩] | | ৪.৬২ | ০.০১০৩ |
| ঘ | ব্যবসায়ী পর্যায়ে মূসক[৪] | | ১.৯০ | ০.০০৪২ |
| ঙ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-উত্তর (গ+ঘ)** | | **৯৮.৮৪** | **০.২১৯৬** |
| চ | ডিস্ট্রিবিউটরের ব্যয় (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | | ২.৮৪ | ০.০০৬৩ |
| ছ | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | | **১০১.৬৮** | **০.২২৫৯** |

[১]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৩]এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব এর ওপর ৫% হারে, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৪]ব্যবসায়ী পর্যায়ে সরবরাহ মূল্যে ৯৫.১৬ টাকার (ইমপোর্ট প্যারিটি প্রাইস, এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ ব্যয়, ডিস্ট্রিবিউটরের ব্যয় এবং ডিলার/রিটেইলারের ব্যয়ের সমষ্টি) ওপর ২% হারে।

৮.৪ বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ কর্তৃক সরবরাহকৃত অটোগ্যাসের ব্যয়/রাজস্ব চাহিদার প্রাক্কলন নিম্নের সারণি-৮.৩ এ উল্লেখ করা হলো:

**সারণি-৮.৩: অটোগ্যাস সরবরাহের ক্ষেত্রে ব্যয়/রাজস্ব চাহিদা, ২০২১ এর প্রাক্কলন**

| ক্রমিক নং | | বিবরণ | পরিমাণ (টাকা/লিটার[১]) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP)[২] | ৩৭.৮৬ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম ব্যয় | ৪.৫২ |
| | ৩ | অন্যান্য ব্যয়[৩] | ০.৩০ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৪২.৬৮** |
| খ | | এলপিজি মজুতকরণ ব্যয়[৪] | ৩.৩৪ |
| গ | | **এলপিজি মজুতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | **৪৬.০২** |
| ঘ | | এলপিজি মজুতকরণ পর্যায়ে মূসক[৫] | ২.৩০ |
| ঙ | | ব্যবসায়ী পর্যায়ে মূসক[৬] | ১.১১ |
| চ | | **এলপিজি মজুতকরণ পর্যায়ের মূল্য, কর-উত্তর (গ+ঘ+ঙ)** | **৪৯.৪৩** |
| ছ | | পরিবহণ চার্জ[৭] | ১.২৫ |
| জ | | স্টেশন চার্জ[৭] | ৮.০০ |
| ঝ | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সরবরাহ ব্যয়/রাজস্ব চাহিদা (চ+ছ+জ)** | **৫৮.৬৮** |

[১]প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি বিবেচনায়।

[২]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৪]সারণি-৮.১.১ এর ভিত্তিতে সিলিন্ডারের অবচয় ব্যয় (৩.৪৮ টাকা/কেজি) ব্যতীত ব্যয়ের ৫০% হারে।

[৫]এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব এর ওপর ৫% হারে, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৬]ব্যবসায়ী পর্যায়ে সরবরাহ মূল্যে প্রতি লিটার ৫৫.২৭ টাকার (ইমপোর্ট প্যারিটি প্রাইস, এলপিজি মজুতকরণ ব্যয়, পরিবহণ ব্যয় এবং স্টেশন ব্যয়ের সমষ্টি) ওপর ২% হারে।

[৭]বিদ্যমান চার্জ অপরিবর্তিত বিবেচনায়।

**৯.০ ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় আদেশ:**

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হলো যে:-

৯.১ সাধারণভাবে এলপিজি'র (অটোগ্যাসসহ) মিশ্রণে প্রোপেনের পরিমাণ ৩০% থেকে ৩৫% এবং Corresponding বিউটেনের পরিমাণ ৭০% থেকে ৬৫% অপরিবর্তিত রাখা হলো।

৯.২ এলপিজি এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণের ক্ষেত্রে এলপিজি'র (অটোগ্যাসসহ) মিশ্রণে প্রোপেনের পরিমাণ ৩৫% ও বিউটেনের পরিমাণ ৬৫% (অর্থাৎ উভয়ের অনুপাত ৩৫:৬৫) অপরিবর্তিত রাখা হলো।

৯.৩ কমিশন কর্তৃক বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের সরবরাহকৃত এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য সমন্বয়ের ক্ষেত্রে ট্যারিফ মাসের (যে মাসে ট্যারিফ কার্যকর হবে) জন্য চলতি মাসের (M) Saudi Contract Price (Saudi CP) কে ভিত্তি হিসেবে নির্ধারণ করা হলো।

৯.৪ অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার বিবেচনায়–

(ক) বেসরকারি এলপিজি লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র Saudi CP প্রতি কেজি ৬৮.১৬ টাকা বা প্রতি লিটার ৩৭.৮৬ টাকা পুনঃনির্ধারণ করা হলো।

(খ) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ৯৮.৩৩ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১০৪.৯২ টাকা পুনঃনির্ধারণ করা হলো।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ৯৫.১৭ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১০১.৬৮ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২১১৪ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২২৫৯ টাকা পুনঃনির্ধারণ করা হলো।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৫৫.২৬ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৫৮.৬৭ টাকা পুনঃনির্ধারণ করা হলো।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্য **পরিশিষ্ট-'গ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঙ'** এ সংযুক্ত করা হলো।

৯.৫ সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র Saudi CP এবং ভোক্তাপর্যায়ে এলপিজি ও অটোগ্যাসের মূল্য কমিশন কর্তৃক মাসভিত্তিতে শুনানিঅন্তে সমন্বয় করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের নিমিত্ত ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর অনুচ্ছেদ ৮.৬ অনুযায়ী গঠিত নিম্নোক্ত কমিটি অপরিবর্তিত রাখা হলো:

| | | | |
|---|---|---|---|
| (ক) | পরিচালক (অর্থ ও হিসাব), বিইআরসি | - | আহ্বায়ক |
| (খ) | পরিচালক (গ্যাস), বিইআরসি | - | সদস্য |
| (গ) | ক্যাব কর্তৃক মনোনীত প্রতিনিধি | - | সদস্য |
| (ঘ) | বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী প্রতিনিধি | - | সদস্য |
| (ঙ) | এলপিজিএল এর প্রতিনিধি (উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের নীচে নয়) | - | সদস্য |
| (চ) | সহকারী পরিচালক (ট্যারিফ) | - | সদস্য |
| (ছ) | উপপরিচালক (ট্যারিফ) | - | সদস্য (সাচিবিক দায়িত্বে) |

কমিটি প্রয়োজনে কমিশনের অনুমোদনক্রমে কোনো ব্যক্তি/কর্মকর্তাকে কমিটিতে Co-opt করতে পারবে। কমিটি'র অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে সুপারিশ গৃহীত হবে।কমিশন প্রয়োজনে কমিটি পুনর্গঠন করতে পারবে।

**কমিটি'র কার্যপরিধি:**

বর্ণিত কমিটি সৌদি আরামকো কর্তৃক ঘোষিত প্রতি চলতি মাসের Saudi CP ওয়েবসাইট অথবা সদস্যপদ গ্রহণের মাধ্যমে যথোপযুক্ত কোনো প্রতিষ্ঠান থেকে সংগ্রহপূর্বক অথবা লাইসেন্সীদের আবেদন মোতাবেক Saudi CP এর ভিত্তিতে ভোক্তাপর্যায়ে এলপিজি ও অটোগ্যাসের চলতি মাসের জন্য মূল্যহার সম্পর্কে প্রতি মাসে সুপারিশ প্রণয়নপূর্বক মাসের ০৫ তারিখের মধ্যে কমিশনে দাখিল করবে।

৯.৬ চলতি মাসের Saudi CP'র ভিত্তিতে প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে চলতি মাসের মূল্য সমন্বয় আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৯.৭ **কমিশন কর্তৃক ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে নির্ধারিত/পুনঃনির্ধারিত এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) এর এলপিজি'র (সরকারি এলপিজি) ট্যারিফ (মূল্যহার) অপরিবর্তিত রাখা হলো যা পরিশিষ্ট-'চ' এ সংযুক্ত করা হলো।**

৯.৮ এ আদেশ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

## ১০.০ এলপিজি ব্যবসায়ীদের জন্য অনুসরণীয় নির্দেশনা:

১০.১ শীঘ্রই সকল অটোগ্যাস স্টেশনকে কমিশন থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে।

১০.২ শীঘ্রই সকল এলপিজি ডিস্ট্রিবিউটরকে কমিশন থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে।

১০.৩ কমিশন কর্তৃক এলপিজি'র কোড্স এন্ড স্ট্যান্ডার্ডস প্রণীত না হওয়া পর্যন্ত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোড্স এন্ড স্ট্যান্ডার্ডসসমূহ অনুসরণে এলপিজি'র নিরাপত্তা নিশ্চিত করবে। এলপিজি'র নিরাপত্তা নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম নিয়মিতভাবে চালু রাখবে।

১০.৪ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ নতুন সিলিন্ডারের বিপরীতে গৃহীত/প্রাপ্ত অর্থ জামানত হিসেবে এবং উক্ত অর্থের ওপর প্রাপ্ত সুদকে আয় হিসেবে নিরীক্ষিত হিসাব প্রতিবেদনে প্রদর্শন করবে।

১০.৫ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ প্রতি মাসের ০১ তারিখে উক্ত মাসের Saudi CP লিখিতভাবে কমিশনে দাখিল করবে।

১০.৬ ডিলার/রিটেইলার পয়েন্ট থেকে গ্রাহক কর্তৃক এলপিজি ক্রয়ের ক্ষেত্রে কোনো স্থানীয় ক্যারিং কস্ট প্রযোজ্য হবে না।

১০.৭ বন্দরের নাব্যতা বৃদ্ধি সাপেক্ষে জুন ২০২২ এর মধ্যে জাহাজভাড়া যৌক্তিক পর্যায়ে কমিয়ে আনার উদ্যোগ নিতে হবে। এছাড়া, বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ আমদানিকৃত এলপিজি বড়/মাঝারি আকারের জাহাজে পরিবহণের মাধ্যমে জাহাজভাড়া হ্রাসকরণে সম্ভাব্য সকল উদ্যোগ [যথা: যৌথভাবে এলপিজি আমদানি করা, High Sea Sales (HSS) ব্যবস্থা প্রচলন করা, ইত্যাদি] গ্রহণ করবে।

১০.৮ গ্রাহকের নিরাপত্তা বিধানের জন্য এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ মানসম্পন্ন রেগুলেটর, রাবার হোস পাইপ, ও-রিং সিল, ক্লিপ ইত্যাদি যন্ত্রাংশ ডিস্ট্রিবিউটর/ডিলার/রিটেইলারদের মাধ্যমে গ্রাহককে সরবরাহ নিশ্চিত করবে।

১০.৯ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ গ্রাহককে মানসম্পন্ন এবং নিরাপদ এলপিজি সরবরাহ নিশ্চিত করবে। এ লক্ষ্যে এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ কর্তৃক-

(ক) এলপিজি সিলিন্ডারের গায়ে দৃশ্যমান স্থানে সিলিন্ডার উৎপাদনের তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ লিখতে হবে;

(খ) নির্দিষ্ট মেয়াদে সিলিন্ডার পরীক্ষা করতে হবে;

(গ) নতুন সিলিন্ডারের গায়ে খালি সিলিন্ডারের ওজন লিখিত থাকতে হবে।

(ঘ) সিলিন্ডারের তলানিতে জমা হওয়া গাদ (Sludge) অপসারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;

(ঙ) মেয়াদ উত্তীর্ণ সিলিন্ডার ধ্বংস করতে হবে; এবং

(চ) এলপিজি সিলিন্ডারের গায়ে সতর্কতামূলক নির্দেশনা লিখতে হবে।

১০.১০ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ দেশের বিভিন্ন উপযুক্ত স্থানে এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ প্ল্যান্ট স্থাপনপূর্বক বাল্ক এলপিজি পরিবহণ করতঃ এলপিজি পরিবহণ ব্যয় এবং সিলিন্ডারের ক্ষয় হ্রাসকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

১০.১১ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ তদ্‌কর্তৃক একুইজিশনকৃত এলপিজি সিলিন্ডার উহাদের সম্পদ হিসেবে আর্থিক প্রতিবেদনে প্রদর্শন করবে এবং সিলিন্ডারের একুইজিশন ব্যয় ও অবচয় যথাযথভাবে হিসাবভুক্ত করবে।

১০.১২ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ খালি সিলিন্ডার তাদের নিকট ফেরত আসা নিশ্চিতকরণে সিলিন্ডার ট্র্যাকিং সিস্টেম প্রচলনসহ সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করবে।

১০.১৩ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ তাদের সকল ডিস্ট্রিবিউটর, ডিলার/রিটেইলার ও গ্রাহকের ডাটাবেইজ সংরক্ষণ করবে এবং কমিশনের চাহিদা অনুযায়ী তা কমিশনে প্রেরণ করবে।

১০.১৪ রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি সরবরাহকারি প্রতিষ্ঠান গ্রাহকপ্রান্তে প্রি-পেইড মিটার স্থাপন নিশ্চিত করবে।

১০.১৫ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ কমিশনের চাহিদা অনুযায়ী এলপিজি আমদানির পরিমাণ এবং এলপিজি আমদানির Commercial/Proforma Invoice কমিশনে প্রেরণ করবে।

১০.১৬ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ প্রতিবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও বার্ষিক প্রতিবেদন কমিশনে প্রেরণ করবে।

১০.১৭ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ এলপিজি ব্যবহারে সর্তকতার বিষয়ে জনগণকে সচেতন করবে। এ লক্ষ্যে এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ সংশ্লিষ্ট সকল ডিস্ট্রিবিউটর ও রিটেইলারদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নিবে, এলপিজি ব্যবহারে সতর্কতামূলক বার্তা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা নিবে, রিটেইল পয়েন্টে এলপিজি ব্যবহারে সতর্কতামূলক পোস্টার রাখবে এবং এ সংক্রান্ত লিফলেট গ্রাহকদের মধ্যে বিলি করার উদ্যোগ গ্রহণ করবে।

১০.১৮ এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সীগণ প্রতিটি ডিস্ট্রিবিউশন/ডিলার/রিটেইল পয়েন্টে মাসভিত্তিতে এলপিজি'র ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য প্রদর্শন নিশ্চিত করবে।

মোঃ কামরুজ্জামান
সদস্য

মোহাম্মদ বজলুর রহমান
সদস্য

মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী
সদস্য

মোহাম্মদ আবু ফারুক
সদস্য

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান

পরিশিষ্ট-'ক'

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) মতে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের আবেদন/প্রস্তাব দাখিলকারী লাইসেন্সীগণের তালিকা

| ক্রমিক নং | লাইসেন্সীগণের নাম |
|---|---|
| ১ | ইউনিটেক্স এলপি গ্যাস লিমিটেড[। |
| ২ | ইউরো-পেট্রো প্রোডাক্ট লিমিটেড। |
| ৩ | এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড। |
| ৪ | এসকেএস এলপিজি। |
| ৫ | ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড। |
| ৬ | ওরিওন গ্যাস লিমিটেড। |
| ৭ | জেএমআই ইন্ডাস্ট্রিয়াল গ্যাস লিমিটেড। |
| ৮ | ডেলটা এলপিজি লিমিটেড। |
| ৯ | নাভানা এলপিজি লিমিটেড। |
| ১০ | পেট্রোম্যাক্স এলপিজি লিমিটেড। |
| ১১ | প্রমিতা ওয়েল এন্ড গ্যাস লিমিটড। |
| ১২ | প্রিমিয়ার এলপি গ্যাস লিমিটেড। |
| ১৩ | বিএম এনার্জি (বিডি) লিমিটেড। |
| ১৪ | বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড। |
| ১৫ | বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড। |
| ১৬ | মেঘনা ফ্রেশ এলপিজি লিমিটেড। |
| ১৭ | যমুনা স্পেসটেক জয়েন্ট ভেঞ্চার লিমিটেড। |
| ১৮ | লাফ্‌স গ্যাস (বাংলাদেশ) লিমিটেড। |

পরিশিষ্ট-'খ'

## বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর-২০২১

**(অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

| ক্রমিক নং | বিবরণ | | পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৬৮.১৬ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | ৮.১৩ |
| | ৩ | অন্যান্য চার্জ[২] | ০.৫৪ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | ৭৬.৮৩ |
| খ | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | | ১৫.৪৯ |
| গ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | | **৯২.৩২** |
| ঘ | মূসক[৩] | | ৬.৫৯ |
| ঙ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (গ+ঘ)** | | **৯৮.৯৯** |
| চ | ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | | ২.৮৪ |
| ছ | রিটেইলারের চার্জ | | ৩.১৭ |
| জ | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র মূল্য [ঙ+চ+ছ]** | | **১০৪.৯২** |

[১]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[২]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৩]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২%, যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য এবং যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

২। পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

মোঃ কামরুজ্জামান
সদস্য

মোহাম্মদ বজলুর রহমান
সদস্য

মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী
সদস্য

মোহাম্মদ আবু ফারুক
সদস্য

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান

**পরিশিষ্ট-'গ'**

## বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য, অক্টোবর–২০২১

**(অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

| ক্রমিক নং | এলপিজি'র পরিমাণ (কেজি) | পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা) | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Saudi CP[১] (Contract Price) | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | অন্যান্য[২] চার্জ | ইমপোর্ট প্যারিটি প্রাইস | মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | মূসক[৩] | ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | রিটেইলারের চার্জ | রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য[৪] |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮ | ৯ | ১০ | ১১=(৬+৭+৮+৯+১০) |
| ১ | ৫.৫ | ৩৭৫ | ৪৫ | ৩ | ৪২৩ | ৮৫ | ৩৬ | ১৬ | ১৭ | ৫৭৭ |
| ২ | ১২ | ৮১৮ | ৯৮ | ৬ | ৯২২ | ১৮৬ | ৭৯ | ৩৪ | ৩৮ | ১,২৫৯ |
| ৩ | ১২.৫ | ৮৫২ | ১০২ | ৭ | ৯৬১ | ১৯৪ | ৮২ | ৩৫ | ৪০ | ১,৩১২ |
| ৪ | ১৫ | ১,০২২ | ১২২ | ৮ | ১,১৫২ | ২৩২ | ৯৯ | ৪৩ | ৪৮ | ১,৫৭৪ |
| ৫ | ১৬ | ১,০৯১ | ১৩০ | ৯ | ১,২৩০ | ২৪৮ | ১০৫ | ৪৫ | ৫১ | ১,৬৭৯ |
| ৬ | ১৮ | ১,২২৭ | ১৪৬ | ১০ | ১,৩৮৩ | ২৭৯ | ১১৮ | ৫১ | ৫৭ | ১,৮৮৮ |
| ৭ | ২০ | ১,৩৬৩ | ১৬৩ | ১১ | ১,৫৩৭ | ৩১০ | ১৩২ | ৫৭ | ৬৩ | ২,০৯৯ |
| ৮ | ২২ | ১,৫০০ | ১৭৯ | ১২ | ১,৬৯১ | ৩৪১ | ১৪৫ | ৬২ | ৭০ | ২,৩০৯ |
| ৯ | ২৫ | ১,৭০৪ | ২০৩ | ১৩ | ১,৯২০ | ৩৮৭ | ১৬৫ | ৭১ | ৭৯ | ২,৬২২ |
| ১০ | ৩০ | ২,০৪৫ | ২৪৪ | ১৬ | ২,৩০৫ | ৪৬৫ | ১৯৭ | ৮৫ | ৯৫ | ৩,১৪৭ |
| ১১ | ৩৩ | ২,২৪৯ | ২৬৮ | ১৮ | ২,৫৩৫ | ৫১১ | ২১৭ | ৯৪ | ১০৫ | ৩,৪৬২ |
| ১২ | ৩৫ | ২,৩৮৬ | ২৮৪ | ১৯ | ২,৬৮৯ | ৫৪২ | ২৩১ | ৯৯ | ১১১ | ৩,৬৭৩ |
| ১৩ | ৪৫ | ৩,০৬৭ | ৩৬৬ | ২৪ | ৩,৪৫৭ | ৬৯৭ | ২৯৬ | ১২৮ | ১৪৩ | ৪,৭২১ |

[১] অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[২] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৩] এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য এবং Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৪] অত্র আদেশের পরিশিষ্ট-'খ' অনুযায়ী বেসরকারি এলপিজি লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে পুনঃনির্ধারিত বিক্রয়মূল্য প্রতি কেজি ১০৪.৯২ টাকা অনুযায়ী, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

২। বেসরকারি এলপিজি লাইসেন্সী কর্তৃক রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ৯৫.১৬ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১০১.৬৮ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২১১৪ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২২৫৯ টাকা পুনঃনির্ধারণ করা হলো।

৩। পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

| | |
|---|---|
| মোঃ কামরুজ্জামান<br>সদস্য | মোহাম্মদ বজলুর রহমান<br>সদস্য |
| মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী<br>সদস্য | মোহাম্মদ আবু ফারুক<br>সদস্য |

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান

পরিশিষ্ট-'ঘ'

# রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর–২০২১ (অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | বিবরণ | | পুনঃনির্ধারিত মূল্যহার | |
|---|---|---|---|---|
| | | | (টাকা/কেজি) | টাকা/লিটার [১] (গ্যাসীয় অবস্থায়) |
| ক | ১ | Saudi Contract Price[২] (Saudi CP) | ৬৮.১৬ | ০.১৫১৪ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম ব্যয় | ৮.১৩ | ০.০১৮১ |
| | ৩ | অন্যান্য চার্জ[৩] | ০.৫৪ | ০.০০১২ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৭৬.৮৩** | **০.১৭০৭** |
| খ | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | | ১৫.৪৯ | ০.০৩৪৪ |
| গ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | | **৯২.৩২** | **০.২০৫১** |
| ঘ | মূসক[৪] | | ৬.৫২ | ০.০১৪৫ |
| ঙ | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, কর-উত্তর (গ+ঘ)** | | **৯৮.৮৪** | **০.২১৯৬** |
| চ | ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | | ২.৮৪ | ০.০০৬৩ |
| ছ | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | | **১০১.৬৮** | **০.২২৫৯** |

[১]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি এবং ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস বিবেচনায়।

[২]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৪]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

২। পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

মোঃ কামরুজ্জামান
সদস্য

মোহাম্মদ বজলুর রহমান
সদস্য

মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী
সদস্য

মোহাম্মদ আবু ফারুক
সদস্য

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান

পরিশিষ্ট-'ঙ'

## ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর–২০২১ (অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/লিটার[১]) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP)[২] | ৩৭.৮৬ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ | ৪.৫২ |
| | ৩ | অন্যান্য চার্জ[৩] | ০.৩০ |
| | ৪ | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৪২.৬৮** |
| খ | | এলপিজি মজুতকরণ চার্জ | ৩.৩৪ |
| গ | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-পূর্ব (ক৪+খ)** | **৪৬.০২** |
| ঘ | | মূসক[৪] | ৩.৪১ |
| ঙ | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (গ+ঘ)** | **৪৯.৪৩** |
| চ | | পরিবহণ চার্জ | ১.২৫ |
| ছ | | স্টেশন চার্জ | ৮.০০ |
| জ | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)** | **৫৮.৬৮** |

[১]প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি বিবেচনায়।

[২]অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মূসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

[৪]এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য এবং যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

২। পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

মোঃ কামরুজ্জামান
সদস্য

মোহাম্মদ বজলুর রহমান
সদস্য

মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী
সদস্য

মোহাম্মদ আবু ফারুক
সদস্য

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান

পরিশিষ্ট-'চ'

## সরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে নির্ধারিত/পুনঃনির্ধারিত ট্যারিফ (মুল্যহার)-২০২১

| বিবরণ | | নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/১২.৫ কেজি) |
|---|---|---|
| ১ | ইআরএল/আরপিজিসিএল পর্যায়ের মূল্য, কর-উত্তর | ৩৫৭.৮৯ |
| ২ | এলপিজিএল এর এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ | ১১৭.৭৫ |
| ৩ | **এলপিজিএল পর্যায়ের মূল্য, কর-পূর্ব (১+২)** | **৪৭৫.৬৪** |
| ৪ | মূসক[১] | ৩৫.৩৬ |
| ৫ | **এলপিজিএল পরবর্তী মূল্য, কর-উত্তর (৩+৪)** | **৫১১.০০** |
| ৬ | ডিস্ট্রিবিউটর/বিপণন চার্জ (পরিবহন ভাড়াসহ) | ৫০.০০ |
| ৭ | ডিলার/রিটেইলারের চার্জ | ৩০.০০ |
| ৮ | **ডিলার/রিটেইলার পয়েন্ট/ভোক্তাপর্যায়ে মুল্যহার [৫+৬+৭]** | **৫৯১.০০** |

[১]জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২%, যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

২। কমিশন কর্তৃক ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে নির্ধারিত/পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর বলে গণ্য যা পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

মোঃ কামরুজ্জামান
সদস্য

মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী
সদস্য

মোহাম্মদ বজলুর রহমান
সদস্য

মোহাম্মদ আবু ফারুক
সদস্য

মোঃ আব্দুল জলিল
চেয়ারম্যান